The Financial Express
WEDNESDAY, 19 MARCH 2025

DCCI proposes single-digit VAT rate in budget recommendations

The Dhaka Chamber of Commerce & Industry (DCCI) on Tuesday proposed setting the Value Added Tax (VAT) rate at a single-digit level in the national budget for the fiscal year 2025-26, reports UNB.

The chamber also recommended a 1% VAT rate for informal sector businesses to enhance transparency, reduce operational costs and positively impact the manufacturing sector.

Currently, the standard VAT rate stands at 15%, with multiple lower rates of 10%, 7.5%, and 5% in different sectors, leading to complexities and disputes.

Besides, inconsistent VAT rebate benefits impose extra financial burdens on businesses.

During a pre-budget discussion at the National Board of Revenue (NBR) conference centre, DCCI President Taskin Ahmed presented 42 budget recommendations to NBR Chairman Md Abdur Rahman Khan FCMA.

The proposals focus on expanding the tax net, reducing tax rates, implementing business-friendly policies, reforming the VAT system, protecting local industries, simplifying customs duties and tariffs, and easing individual tax structures.

Taskin Ahmed commended NBR for initiating online tax return submission for all taxpayers.

NBR Chairman Abdur Rahman Khan speaks at a pre-budget meeting with Dhaka Chamber of Commerce & Industry (DCCI) at the NBR on Tuesday. — bdnews24.com

He noted that although the country has over 11.3 million Taxpayer Identification Number (TIN) holders, only 3.7 million returns were filed from 1 July 2024 to 6 February 2025, with just 1.33 million filed online.

To boost tax compliance, he urged NBR to set short-, medium-, and long-term targets and introduce an automated tax return system for corporations.

Considering rising inflation, Ahmed recommended increasing the tax-free income threshold from Tk 3.5 lakh to Tk 5 lakh. He also proposed a phased reduction in advance tax on commercial imports from 5% and the gradual elimination of advance tax for manufacturers.

He further highlighted discrepancies between customs tariff valuations and market prices, which force businesses to pay excessive duties. To address this, he suggested imposing specific duties instead of tariff value-based assessments.

NBR Chairman Md Abdur Rahman Khan FCMA reiterated NBR's commitment to reforming trade-related revenue policies to facilitate business and investment. He stressed the need to expand the tax net, ensuring fairness in tax compliance.

He acknowledged that while the number of TIN holders has exceeded 10 million in the past decade, tax return submissions remain disappointingly low.

Khan also said that NBR is working towards fully online corporate tax submission and believes lowering corporate tax rates will encourage proprietorship businesses to transition into corporate entities.

He indicated that the government is open to a single-digit VAT rate, provided businesses demonstrate transparency and willingness to comply.

To improve VAT administration, NBR is prepared to develop software with local IT experts, seeking business community support.

He also affirmed NBR's interest in making the tax rebate system more generous in the upcoming fiscal year.

DCCI Senior Vice President Rajib H Chowdhury, Vice President Md Salim Sulaiman, and senior NBR officials attended the discussion.

The Daily Star
WEDNESDAY, 19 MARCH 2025

Dhaka chamber for uniform VAT rate

STAR BUSINESS REPORT

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) yesterday recommended setting a uniform single-digit value-added tax (VAT) rate and raising the tax-free income limit to Tk 5 lakh.

The proposals were placed during a pre-budget meeting for the fiscal year 2025-26 with National Board of Revenue (NBR) Chairman Abdur Rahman Khan at the NBR office in Agargaon, Dhaka.

Currently, the standard VAT rate is 15 percent across the board, but it has been segregated into different slabs, such as 10 percent, 7.5 percent, and 5 percent, in different sectors.

"These various slabs are actually causing difficulties for traders as well as disputes in many cases," said DCCI President Taskeen Ahmed.

"Many traders are forced to bear the burden of additional tax due to the non-availability of input tax rebate benefits," he said.

Besides, the DCCI proposed setting a nominal 1 percent VAT for traders in the informal sector in the next budget.

"It would bring transparency to overall revenue management, reduce the cost of doing business, and have a positive impact on the manufacturing sector," said Ahmed.

Furthermore, the DCCI president also urged the government to raise the tax-free income limit for individuals from Tk 3.50 lakh to Tk 5 lakh.

The DCCI also proposed setting a nominal 1 percent VAT for traders in the informal sector in the next budget

Earlier, the Centre for Policy Dialogue had suggested increasing the tax-free income threshold to Tk 4 lakh.

In this regard, Ahmed requested that the prevailing inflationary situation and its burden on the masses be considered.

During the meeting, the DCCI proposed raising the second tax slab threshold from Tk 1 lakh to Tk 3 lakh while maintaining the current 5 percent tax rate for that range.

The trade body also called for reducing the highest income tax rate from 30 percent to 25 percent for the top income slab.

In addition, the DCCI president proposed a gradual reduction of advance tax at the import level for commercial endeavours and the gradual phasing out of the existing advance tax on manufacturers at the import level.

Traders have to pay more customs duty than the actual import price due to the difference between the tariff value set by the customs authority and the market price, he said.

This is increasing business costs as well as making the import process complicated and expensive, said Ahmed.

DCCI Senior Vice President Razeev H Chowdhury and Vice President Md Salem Sulaiman were also present.

THE BUSINESS STANDARD
WEDNESDAY, 19 MARCH 2025

DCCI for capping tax rate at 25%, NBR says no

BUDGET FY26 – BANGLADESH

TBS REPORT

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has proposed lowering the highest tax rate from 30% to 25% in the upcoming budget, citing rising inflation but was met with opposition from the National Board of Revenue (NBR).

The NBR believes that the rate should instead be increased as developed countries have a much higher tax rate which helps in reducing inequality.

Responding to another proposal, the NBR stated that it supports a single or unified VAT rate, even at a reduced rate, provided that all businesses reach a consensus.

The proposals were brought forth by DCCI President Taskeen Ahmed during a pre-budget discussion at the NBR headquarters in the capital's Agargaon yesterday. NBR Chairman Abdur Rahman Khan chaired the event.

The DCCI president presented a total of 42 budget recommendations, including expanding the tax net and setting revenue collection targets, reducing tax rates, implementing business-friendly tax policies, introducing automation systems, reforming the VAT system, protecting local industries and production sectors, simplifying import duties and tariffs, and simplifying the individual income tax structure.

At the discussion, Taskeen said, "Currently, the annual tax-free income limit for individuals is Tk3.5 lakh and the maximum tax rate is 30%. We are proposing to raise the tax-free income limit to Tk5 lakh and reduce the highest tax rate to 25%."

He said that the DCCI made this proposal considering rising inflation and the increasing cost of living, suggesting that the tax-free income threshold should be adjusted accordingly.

The DCCI also proposed a revised tax structure, suggesting that the next tax slab, after the tax-free income of Tk5 lakh, should have a 5% tax rate on the next Tk3 lakh income.

Currently, a 5% tax is imposed on income exceeding Tk1 lakh after the Tk3.5 lakh tax-free limit.

DCCI proposes raising tax-free income limit to Tk5 lakh

Wants introductions of a single VAT rate

NBR says government open to unified VAT

Paint manufacturers, cold storage and agro processors seek tax relief

To this, the NBR Chairman Abdur Rahman Khan said, "In developed countries, income tax rates at the individual level are 50-55%. Reducing it further would not be right.

"Instead, it should be increased. Otherwise, inequality will not decrease."

"Higher personal taxes ensure reduced inequality in developed countries because people receive better services in return. We [the government] must also ensure quality services. Only then will people feel comfortable with less money in hand," he added.

Push for simplified VAT rate

Presenting another proposal, Taskeen said, "Currently, the standard VAT rate is 15%, but in various sectors, it has been reduced to 10%, 7.5%, and 5%. This multiple rate structure creates complexities for businesses, hampers tax administration efficiency, and often leads to disputes."

Besides, inconsistent VAT rebate benefits impose extra tax burdens on many businesses, he added.

"Introducing a single 10% VAT rate and a 1% rate for informal businesses would simplify tax collection, reduce disputes, and ultimately increase revenue generation," Taskeen said.

In response, the NBR chairman indicated that the government is open to a single VAT rate, provided businesses demonstrate transparency and willingness to comply.

He said the unified VAT rate could not be implemented earlier due to strong resistance from businesses. "Now, they are the ones facing the consequences. If all parties agree, we should move towards a unified VAT rate, even if it is slightly reduced.

"A proposal can be submitted through FBCCI. If needed, we will even develop software for businesses to make it easier. Most of the disputes arise because of the multiple VAT rates," he added.

Expanding the tax net

Citing NBR data, Taskeen highlighted that although Bangladesh has over 11.3 million TIN (tax identification number) holders, only 3.7 million filed tax returns between 1 July 2024 and 6 February 2025. Of these, only 1.33 million submitted returns online.

He urged NBR to set short, medium, and long term targets to increase the number of taxpayers and expand the tax net. He also emphasised the need to implement an automated tax return system to make it easier for corporate entities to file tax returns online.

NBR Chairman Abdur Rahman Khan acknowledged the low return submission rate despite an increase in TIN holders over the past decade. He emphasised that simplifying corporate tax processes and lowering corporate tax rates could encourage more proprietorship businesses to formalise as corporate entities.

Meanwhile, several industry associations have also submitted tax relief proposals to ease financial burdens on their respective sectors.

Bangladesh Paint Manufacturers Association has requested the removal of the 10% Supplementary Duty (SD) on paints and paint-related products, considering them essential goods.

Bangladesh Cold Storage Association has proposed a reduction in advance income tax (AIT) to 1% on potato purchases and the withdrawal of VAT and AIT on the procurement of cold storage equipment.

Bangladesh Agro Processors Association (BAPA) has sought exemption from tax deduction at source on the supply of agricultural products and has also proposed a uniform 5% tariff on the import of industrial raw materials.

the daily observer
We stand for people's rights
WEDNESDAY, 19 MARCH 2025

DCCI proposes tax-free income at Tk 5 lakh, maximum tax rate at 25pc

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) held a pre-budget meeting with the NBR Chairman, Md Abdur Rahman Khan, at the NBR Building on Tuesday.

Business Correspondent

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has proposed to increase tax-free income limit to Tk 5 lakh and the maximum tax rate at 25 per cent.

The chamber body has also proposed to phase out advance tax for manufacturers at the import stage and reduce advance tax for commercial importers as well.

NBR made these proposals during a pre-budget discussion at the National Board of Revenue (NBR) in Agargaon in the city on Tuesday. DCCI President Taskeen Ahmed, said tax-free income limit should be increased to Tk 5 lakh.

The maximum tax for individuals should also be reduced while NBR should to take steps to increase the tax net to increase collection. He has also proposed to reduce advance tax on commercial imports and introduce a single rate of VAT.

At present, the standard VAT is at 15 per cent, but it has been segregated to different slabs like 10per per cent, 7.5 per cent and 5 per cent in different sectors that actually causes difficulties for traders and create disputes in many cases. Many traders are forced to bear the burden of additional tax due to non-availability of input tax rebate benefit.

DCCI has therefore proposed to set a uniform single-digit VAT rate across the board and a nominal 1 per cent VAT for traders of informal sector. It will bring transparency in overall revenue management, reduce cost of doing business and have a positive impact on the manufacturing sector.

Taskeen Ahmed said tax net should be widened targeting revenue collection, reducing tax rates, introducing business-friendly tax policies and automation of revenue system, reforming VAT management, protecting local industries and manufacturing sectors, simplifying import duty, tariff system and tax structure for the individuals.

He congratulated the NBR for taking the initiative to bring all taxpayers under the online income tax return process from the next fiscal. He wondered how more than 10.13 million TIN holders in the country, only 37 lakh tax returns were registered.

The DCCI President proposed to set a short, medium and long-term target for increasing tax payers and expanding the tax net. He proposed gradual reduction of advance tax and phasing out of existing advance tax for manufacturers at the import level. He proposed gradual reduction of advance tax at imports' level for commercial imports.

Taskeen said, traders have to pay more customs duty than the actual import price due to difference between the tariff value set by the customs authority and the market price, which is increasing the business cost making the import process complicated and expensive. That is why; he proposed to impose a fixed rate of customs duty instead of tariff value.

The NBR Chairman Abdur Rahman Khan, FCMA said the NBR is determined to expand trade and investment through gradual reforms of trade-related revenue policies. He also said that NBR will try to address the tax expenditure; adding this he also said that a portion of people are giving tax and the others are not, this cannot be accepted.

DCCI Senior Vice President Razeev H Chowdhury and Vice President Salem Sulaiman were present at that time.

TRUE & IMPARTIAL
daily sun

WEDNESDAY, 19 MARCH 2025

DCCI proposes raising tax-free income limit to Tk5 lakh

Daily Sun Report, *Dhaka*

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has proposed raising the tax-free income limit to Tk5 lakh and increasing the maximum tax rate to 25%.

The chamber has also proposed phased abolition of advance tax for manufacturers at the import stage and reduction of advance tax for commercial importers.

The organisation made these proposals during a pre-budget discussion at the National Board of Revenue (NBR) held at NBR conference room at Agargaon in the capital on Tuesday.

During the discussion, DCCI President Taskin Ahmed presented 42 budget recommendations to NBR Chairman Md Abdur Rahman Khan.

The proposals focus on expanding the tax net, reducing tax rates, implementing business-friendly policies, reforming the VAT system, protecting local industries, simplifying customs duties and tariffs, and easing individual tax structures.

Ahmed further highlighted discrepancies between customs tariff valuations and market prices, which force businesses to pay excessive duties. To address this, he suggested imposing specific duties instead of tariff value-based assessments.

ther proposals of the organisation include the introduction of automated corporate tax returns, withdrawal of the obligation to collect Proof of Submission of Returns (PSR) from businessmen, digitise the VAT system, create a mobile app along with the website and make it mandatory for businessmen, and make the single tax rate or VAT rate 10%.

Taskeen Ahmed said, "As there is no automated system for filing corporate tax returns, corporate entities submit returns manually. Manual or handwritten returns are time-consuming, complex and error-prone. Pointing out these, it is necessary to quickly introduce automated corporate tax returns for corporate entities."

NBR Chairman Md Abdur Rahman Khan said, "Individual tax should be higher, while corporate tax should be lower. This time, the individual tax rate will be 30 percent, but it should be increased further. It is higher in India, and in developed countries, it ranges from 50 to 55 percent. Reducing it would not be appropriate; instead, it should be increased. Otherwise, inequality will not decrease."

"In developed countries, inequality is less because individual taxes are higher. It is true that they get more services by paying more taxes. We also have to ensure services. Then people will keep less money in their hands," he also said.

NBR Chairman Md Abdur Rahman Khan reiterated NBR's commitment to reforming trade-related revenue policies to facilitate business and investment. He stressed the need to expand the tax net, ensuring fairness in tax compliance.

He acknowledged that while the number of TIN holders has exceeded 10 million in the past decade, tax return submissions remain disappointingly low.

Khan also said that NBR is working towards fully online corporate tax submission and believes lowering corporate tax rates will encourage proprietorship businesses to transition into corporate entities.

To improve VAT administration, NBR is prepared to develop software with local IT experts, seeking business community support.

DCCI Senior Vice President Rajib H Chowdhury, Vice President Md Salim Sulaiman, and senior NBR officials attended the discussion.

NEW AGE
THE OUTSPOKEN DAILY
WEDNESDAY, 19 MARCH 2025

E-returns to be joined with banking system

NBR chair says at a pre-budget discussion with businesses

Staff Correspondent

NATIONAL Board of Revenue chairman Abdur Rahman Khan on Tuesday said that the NBR was exploring ways to integrate online tax returns with banking system.

He also said that if they could implement it, it would allow seamless tracking of bank deposits, profits and taxpayers' corresponding tax liabilities.

Moreover, if they can access company data from Central Depository Bangladesh Limited, it will help them find tax-related issues efficiently, he said.

He made the comment at a discussion with businesses for the forthcoming budget of the 2025-26 financial year at the NBR office in the capital Dhaka on Tuesday.

In the discussion, Dhaka Chamber of Commerce and Industry president Taskeen Ahmed urged the government to raise the tax-free income limit for an individual from TK 3.50 lakh to TK 5 lakh by considering the prevailing inflationary situation in the upcoming budget of FY26.

He also urged the introduction of a unified VAT rate of 10 per cent from the existing different slabs of 10 per cent, 7.5 per cent, and 5 per cent in different sectors, which actually caused difficulties for traders and disputes in many cases.

The DCCI also proposed setting a nominal 1 per cent VAT for informal sector traders in the next budget.

They also urged the NBR to launch a mobile app and a website to collect VAT.

The DCCI also proposed reducing tax at sources and abolishing advance tax in phases, such as from the existing 3 per cent to 2 per cent, then 1 per cent, and then zero.

The New Nation
WEDNESDAY, 19 MARCH 2025

DCCI for uniform single-digit VAT rate

The Dhaka Chamber of Commerce & Industry (DCCI) holds a pre-budget meeting with the NBR Chairman, Md. Abdur Rahman Khan, at NBR Building in the capital on Tuesday.

Business Desk

The Dhaka Chamber of Commerce & Industry (DCCI) has proposed to fix a uniform single-digit VAT rate across the board and maintain 7% VAT for the traders of informal sector in the next budget for fiscal year 2025-2026 (FY26).

[illegible]

প্রথম আলো

বুধবার, ১৯ মার্চ ২০২৫

একক ভ্যাট হার চায় ঢাকা চেম্বার

আগামী অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর বা ভ্যাটের একক হার করার সুপারিশ করেছে ঢাকা চেম্বার। এ ছাড়া অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের জন্য এক শতাংশ ভ্যাট হার নির্ধারণের প্রস্তাব করেছে সংগঠনটি। ঢাকা চেম্বার বলছে, ভ্যাটের একক হার হলে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন খরচ কমবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে। ব্যক্তিশ্রেণির করমুক্ত আয়ের সীমা সাড়ে তিন লাখ টাকা থেকে বাড়িয়ে পাঁচ লাখ টাকা করার প্রস্তাবও করেছে ঢাকা চেম্বার। গতকাল মঙ্গলবার আগামী অর্থবছরের প্রাক্-বাজেট আলোচনায় অংশ নিয়ে এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খানের কাছে ৪২টি বাজেট প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার। আগারগাঁওয়ের এনবিআর ভবনে এ আলোচনা অনুষ্ঠিত হয়। ঢাকা চেম্বার সভাপতি তাসকীন আহমেদ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। তাসকীন আহমেদ আগামী অর্থবছর থেকে সব করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগকে স্বাগত জানান।

বিশেষ প্রতিনিধি, *ঢাকা*

বণিক বার্তা
বুধবার, ১৯ মার্চ ২০২৫
সমৃদ্ধির সহযাত্রী

প্রাক-বাজেট আলোচনা

ভ্যাটের সিঙ্গেল রেট নির্ধারণের প্রস্তাব করেছে ডিসিসিআই

নিজস্ব প্রতিবেদক ■

আগামী বাজেটে ভ্যাটের সিঙ্গেল রেট নির্ধারণ এবং অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ক্ষেত্রে ১ শতাংশ হারে ভ্যাট নির্ধারণের প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এর মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে ও উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি। তাদের দাবি, বর্তমানে মূল্য সংযোজন করের (মূসক বা ভ্যাট) হার সাধারণভাবে ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭ দশমিক ৫ শতাংশ ও ৫ শতাংশ করায় ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে। উপকরণ কর রেয়াতের সুবিধা সব ক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন।

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে গতকাল আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় এ প্রস্তাব তুলে ধরেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ। তিনি বিদ্যমান উর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় ব্যক্তি শ্রেণীর করমুক্ত আয়সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারণেরও আহ্বান জানান।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা।

এসব প্রস্তাব শুনে এনবিআর চেয়ারম্যান বলেন, 'ব্যক্তির কর বেশি ও কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ করা হবে, যা আরো বাড়ানো উচিত। ভারতেও বেশি, উন্নত দেশে ৫০-৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না, বাড়াতে হবে।'

উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম দাবি করে মো. আবদুর রহমান খান বলেন, 'এটা ঠিক, তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে। ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি, তারাই এখন ভুগছে। সবাই একমত হলে, হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব।'

প্রাক-বাজেট আলোচনায় ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য ঢাকা চেম্বারের পক্ষে ৪২টি প্রস্তাব তুলে ধরা হয়। এ সময় সংগঠনের সভাপতি বলেন, 'কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত ট্যারিফ ভ্যালু ও বাজার মূল্যের মধ্যে পার্থক্য থাকায় ব্যবসায়ীদের প্রকৃত মূল্যের চেয়ে বেশি শুল্ক পরিশোধ করতে হচ্ছে, যা ব্যবসার ব্যয় বৃদ্ধির পাশাপাশি আমদানি প্রক্রিয়াকে জটিল ও ব্যয়বহুল করে তুলছে।' এ অবস্থায় তিনি ট্যারিফ ভ্যালুর পরিবর্তে নির্দিষ্ট হারে শুল্ক আরোপের প্রস্তাব করেন।

জবাবে এনবিআর চেয়ারম্যান বলেন, 'দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী। তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের সদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য।'

সিগারেটের মূল্যবৃদ্ধি প্রসঙ্গে তিনি বলেন, সিগারেটের দাম বাড়ালে কোম্পানিগুলো খুশি হয়। কারণ এতে তাদের প্রফিট মার্জিন বাড়ে। কিন্তু কর বাড়ালে খুশি হয় না। এটা বুঝতে আমার একটু সময় লেগেছে, এ বিষয়টিও বিবেচনায় নেয়া হবে।'

বণিক বার্তার প্রতিবেদক চোরাচালানের বিষয়ে জানতে চাইলে এনবিআর চেয়ারম্যান বলেন, 'আমাদের ফোকাসটা একটু অন্যদিকে গেছে। সেজন্য সেভাবে অভিযান পরিচালনা করা হয়নি। তবে কাস্টমস গোয়েন্দা তাদের রুটিন ও নিয়মিত কাজ করছে। আমরা ডিউটি কমানোর পর চিনির চোরাচালান কমেছে কিনা, সেটার তথ্য নিচ্ছি। চোরাচালান নিরোধ কেন্দ্রীয় টাস্কফোর্সের বুধবারের সভায় এ বিষয়ে বিস্তারিত নির্দেশনা দেব।'

ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট নেয়ার জন্য নিজেই প্রতারকের ফোন কল পান বলেও জানান এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান। তিনি বলেন, 'এজন্য আমরা ফিজিক্যাল অডিট সিলেকশন বন্ধ করে দিয়েছি, টোটালি। যা হবে অটোমেটেড।' সেজন্য অনলাইন রিটার্নকে প্রমোট করার আহ্বান জানান তিনি।

তথ্যের প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
বুধবার, ১৯ মার্চ ২০২৫

এক অঙ্কের ভ্যাট হার চায় ঢাকা চেম্বার

■ সমকাল প্রতিবেদক

আগামী অর্থবছরে ব্যক্তি পর্যায়ে করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করার প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একই সঙ্গে মূল্য সংযোজন কর বা ভ্যাটে এক অঙ্কের অভিন্ন হার নির্ধারণ ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর কমানোর দাবি জানিয়েছে সংগঠনটি।

গতকাল মঙ্গলবার রাজধানীর আগারগাঁও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে অনুষ্ঠিত আগামী ২০২৫-২৬ অর্থবছরের প্রাক-বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেন সংগঠনটির সভাপতি তাসকীন আহমেদ। এ ছাড়া কৃষি, হিমাগারসহ বেশ কয়েকটি খাতের ব্যবসায়ীরা তাদের প্রস্তাবনা তুলে ধরেন।

ডিসিসিআই সভাপতি বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো ও করজাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো এবং ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

ডিসিসিআইর পক্ষ থেকে বলা হয়, বর্তমানে ভ্যাট হার ১৫ শতাংশ নির্ধারিত হলেও, বিভিন্ন খাতে তা ১০, ৭ দশমিক ৫, ও ৫ শতাংশ হারে রয়েছে। এতে নানা জটিলতা তৈরি হয়েছে। কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় বাড়তি করের বোঝা বহন করতে হচ্ছে। তাই এক অঙ্কের একক ভ্যাট হার করার পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ নির্ধারণ করা দরকার।

এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কম হওয়া দরকার কোম্পানির। এবার ব্যক্তির কর সর্বোচ্চ ৩০ শতাংশ থাকবে। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বরং বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। পাশাপাশি মানুষের সেবাও নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে।

ব্যবসায়ীদের আপত্তির কারণে ভ্যাটের একক হার হয়নি মন্তব্য করে তিনি বলেন, ভ্যাটহার নিয়ে ব্যবসায়ীরাই এখন ভুগছে। যত ঝগড়া ভ্যাটের বিভিন্ন হারের কারণে। সবাই একমত হলে, কিছুটা কমিয়ে হলেও একক হার করা দরকার। এফবিসিসিআই প্রস্তাব দিলে প্রয়োজনে তাদের জন্য সফটওয়্যারও করা হবে।

প্রাক-বাজেট আলোচনা

■ মূলধনি যন্ত্র আমদানিতে শুল্ককর কমানোর প্রস্তাব হিমাগার মালিকদের

সভায় বাংলাদেশ কোল্ডস্টোরেজ অ্যাসোসিয়েশন মূলধনি যন্ত্রপাতি আমদানিতে শুল্ককর কমানোর প্রস্তাব দিয়েছে। সংগঠনটি বলছে, হিমাগারের মূলধনি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানিতে শুল্ক ১, ভ্যাট ১৫, অগ্রিম কর ৫ এবং অগ্রিম আয়কর ৫ শতাংশসহ সব মিলিয়ে মোট ২৬ শতাংশ শুল্ককর দিতে হয়। আলু, সবজিসহ বিভিন্ন পচনশীল খাদ্যপণ্য রাখা হয় হিমাগারে। তাই কৃষি খাত বিবেচনা করে এসব যন্ত্র আমদানিতে শুল্ককর প্রত্যাহারের প্রস্তাব দেন তারা।

কৃষিজ পণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তনে অব্যাহতি, বিক্রির ওপর ন্যূনতম ০ দশমিক ৬০ শতাংশ আয়কর বাতিল, মূসকের আদর্শ হার কমানো ও আগের মতো নগদ সহায়তা ২০ শতাংশ বহাল রাখার প্রস্তাব দিয়েছে বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা)। শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ বাগদা ও ভেনামী চিংড়ি আমদানিতে অগ্রিম আয়কর ও আমদানি শুল্ক প্রত্যাহারের দাবি জানিয়েছে। রং ও রং জাতীয় পণ্যকে অত্যাবশকীয় পণ্য হিসেবে বিবেচনা করে স্থানীয়ভাবে উৎপাদনের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহার চেয়েছে বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন।

সমকাল

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করার প্রস্তাব ঢাকা চেম্বারের

■ ইত্তেফাক রিপোর্ট

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি।

গতকাল মঙ্গলবার আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি। ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। করজাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। এ সময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে—অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা ও একক মূসকহার বা ভ্যাট হার ১০ শতাংশ করা।

তাসকীন আহমেদ বলেন, করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর করা প্রয়োজন।

প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটাকে আরো বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে।

তিনি বলেন, ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি। তারাই এখন ভুগছে। সবাই একমত হলে, হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা, ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে।

এছাড়া বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ এআইটি হ্রাস করা, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ ক্রপ প্রোটেকশন অ্যাসোসিয়েশন কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক, মশার কয়েল, অ্যারোসেল, রিপিলেন্ট আমদানিতে কর হার কমানোর প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) কৃষিজ পণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তনে অব্যাহতি, বিক্রয়ের উপর ন্যূনতম আয়কর ০ দশমিক ৬০ বাতিল করা, মূসকের আদর্শ হার হ্রাস করার প্রস্তাব দিয়েছে।

শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এসপিএফ বাগদা ও ভেনামি চিংড়ি আমদানিতে অগ্রিম আয়কর ও আমদানি শুল্ক প্রত্যাহারের দাবি জানিয়েছে।

বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন রং ও রং জাতীয় পণ্যকে অত্যাবশকীয় পণ্য হিসাবে বিবেচনা করে স্থানীয়ভাবে উৎপাদনের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

অ্যাগ্রিকালচারাল মেশিনারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ অর্জিত লভ্যাংশে উপর প্রস্তাবিত করপোরেট কর হ্রাস করে ২০ শতাংশ করার প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ফিনিশড লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন স্থানীয় বাজার থেকে চামড়া সংগ্রহকালে অগ্রিম আয়কর প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

আমার দেশ
স্বাধীনতার কথা বলে
THE DAILY AMAR DESH
বুধবার, ১৯ মার্চ ২০২৫

বাজেটে আমদানি শুল্ক কমবে : এনবিআর চেয়ারম্যান

অর্থনৈতিক রিপোর্টার

আগামী বাজেটে সার্বিকভাবে আমদানি শুল্ক কমবে বলে জানিয়েছেন এনবিআর চেয়ারম্যান আব্দুর রহমান খান। তিনি বলেন, আমরা এলডিসি উত্তরণে যাচ্ছি। চাইলে ইচ্ছামতো আমদানি শুল্ক আরোপ করা যাবে না। গতকাল মঙ্গলবার এনবিআর ভবনে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনায় তিনি এসব কথা বলেন। বাজেট আলোচনায় ঢাকা চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রিজসহ কৃষি খাতভিত্তিক বিভিন্ন অ্যাসোসিয়েশন অংশ নেয়।

এনবিআর চেয়ারম্যান বলেন, কোনো পণ্যের ওপর আমদানি শুল্ক আরোপ জাতীয় স্বার্থে করা হয়। আমদানি শুল্ক থেকে সরকারের রাজস্ব আহরণের কোনো লক্ষ্য থাকে না। মূলত দেশীয় শিল্পকে সুরক্ষায় আমদানি শুল্ক আরোপ করা হয়।

আগামী বাজেটে ট্যাক্স প্রদান পদ্ধতি সহজ করা হবে বলে জানান এনবিআর চেয়ারম্যান। আয়কর দিতে গিয়ে করদাতারা যেসব হয়রানির শিকার হন তা বন্ধ করা হবে। কিন্তু আয়কর কমানোর সুপারিশ খুব একটা বিবেচনায় নেওয়া হবে না। তিনি বলেন, আয়কর কমালে ব্যবসা করবেন, না হলে করবেন না- এটা ব্যবসায়িক কৌশল হতে পারে না। ব্যবসায় আয় হবে সেটা দেখেই ব্যবসা করবেন। আপনি ব্যবসায় আয় করলেই আয়কর দেবেন।

অডিটের নামে ব্যবসায়ীদের হয়রানি বন্ধ করা হবে বলে জানিয়ে এনবিআর চেয়ারম্যান বলেন, যারা নিয়মিত আয়কর রিটার্ন জমা দেয় তাদের আমরা স্বস্তি দিতে চাই। যারা রিটার্ন জমা দেয়নি তাদের আমরা ধরব এবং তাদের পেছনে দৌড়াচ্ছি।

দৈনিক বাংলা
বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করার দাবি ঢাকা চেম্বারের

প্রাক-বাজেট আলোচনা

নিজস্ব প্রতিবেদক

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করা ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি।

গতকাল মঙ্গলবার আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। করজাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে।

এসময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে- অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা ও একক মূসকহার বা ভ্যাট হার ১০ শতাংশ করা।

তাসকীন আহমেদ বলেন, করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর করা প্রয়োজন।

প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটাকে আরও বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে।

তিনি বলেন, ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি। তারাই এখন ভুগছে। সবাই একমত হলে, হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা, ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে।

এছাড়া বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ এআইটি হ্রাস করা, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ ক্রপ প্রোটেকশন অ্যাসোসিয়েশন কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক, মশার কয়েল, অ্যারোসেল, রিপিলেন্ট আমদানিতে কর হার কমানোর প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) কৃষিজ পণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তনে অব্যাহতি, বিক্রয়ের উপর ন্যূনতম আয়কর ০.৬০ বাতিল করা, মূসকের আদর্শ হার হ্রাস করার প্রস্তাব দিয়েছে।

শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এসপিএফ বাগদা ও ভেনামি চিংড়ি আমদানিতে অগ্রিম আয়কর ও আমদানি শুল্ক প্রত্যাহারের দাবি জানিয়েছে।

বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন রঙ ও রঙ জাতীয় পণ্যকে অত্যাবশকীয় পণ্য হিসাবে বিবেচনা করে স্থানীয় ভাবে উৎপাদনের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

অ্যাগ্রিকালচারাল মেশিনারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ অর্জিত লভ্যাংশে উপর প্রস্তাবিত করপোরেট কর হ্রাস করে ২০ শতাংশ করার প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ফিনিশড লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন স্থানীয় বাজার থেকে চামড়া সংগ্রহ কালে অগ্রিম আয়কর প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

দৈনিক বাংলা

কালবেলা

বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয় ৫ লাখ টাকা করার প্রস্তাব ঢাকা চেম্বারের

নিজস্ব প্রতিবেদক

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করা ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি।

গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক-বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি। এ সময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা ও একক মূসক হার বা ভ্যাট হার ১০ শতাংশ করা।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। কর জাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। তিনি বলেন, করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর করা প্রয়োজন।

প্রস্তাব শুনে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটাকে আরও বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে। তিনি বলেন, ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি। তারাই এখন ভুগছে। সবাই একমত হলে, হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা, ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে।

এছাড়া বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ এআইটি হ্রাস করা, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

কালবেলা
বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করার দাবি

ডিসিসিআইর প্রস্তাব

কালবেলা প্রতিবেদক

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করা ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি। গতকাল মঙ্গলবার আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক-বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। করজাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। এ সময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি। সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে—অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা এবং একক মূসক হার বা ভ্যাট হার ১০ শতাংশ করা।

আলোচনায় ডিসিসিআই সভাপতি জানান, বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০, ৭ দশমিক ৫ এবং ৫ শতাংশ হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে। উপরন্তু উপকরণ কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এমন বাস্তবতায়, আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ হারে নির্ধারণ করার প্রস্তাব করেছে ডিসিসিআই।

ঢাকা চেম্বার, যার মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

ডিসিসিআইর প্রস্তাবগুলোতে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাসকরণ, ব্যবসাবান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির কর কাঠামোর সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করা হয়। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ উল্লেখ করেন, এনবিআরের তথ্য অনুযায়ী দেশে টিনধারীর সংখ্যা প্রায় ১ কোটি ১৩ লাখের বেশি হলেও ২০২৪ সালের ১ জুলাই থেকে ৬ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত রিটার্ন দাখিল হয়েছে ৩৭ লাখের বেশি, যার মধ্যে অনলাইনে জমা পড়েছে মাত্র ১৩ লাখ ৩৫ হাজার ৮৯টি। দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি।

এ ছাড়া করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দেওয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার ওপর জোরারোপ করেন তাসকীন আহমেদ। বিদ্যমান ঊর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারণের আহ্বান জানান। এ ছাড়া বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রিম কর ৫ শতাংশ থেকে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রিম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খান বলেন, বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ়প্রতিজ্ঞ। জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবে না, তা মোটেও গ্রহণযোগ্য নয়। গত ১০ বছরে টিনধারীর সংখ্যা ১ কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক। তিনি আরও বলেন, আয়করের মতো করপোরেট ট্যাক্স প্রদানের প্রক্রিয়া পুরোপুরি অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

কালের কণ্ঠ
বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়সীমা পাঁচ লাখ টাকা করার প্রস্তাব ঢাকা চেম্বারের

- সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব
- বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব

নিজস্ব প্রতিবেদক ▷

করমুক্ত আয়ের সীমা পাঁচ লাখ টাকা করা এবং সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি। গতকাল মঙ্গলবার আগারগাঁও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক-বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা পাঁচ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। করজাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। এ সময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার, ভ্যাটব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা এবং একক ভ্যাট হার ১০ শতাংশ করা।

তাসকীন আহমেদ বলেন, করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু করা প্রয়োজন।

প্রস্তাব শুনে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, 'ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটা আরো বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটা কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক যে তাঁরা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে।' তিনি বলেন, 'ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি। তাঁরাই এখন ভুগছেন। সবাই একমত হলে, হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলুন। দরকার হলে আমরা ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে।'

এ ছাড়া বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ এআইটি হ্রাস করা, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্য ক্রয়ের ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ক্রপ প্রটেকশন অ্যাসোসিয়েশন কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক, মশার কয়েল, অ্যারোসল, রিপিলেন্ট আমদানিতে করহার কমানোর প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) কৃষিপণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তনে অব্যাহতি, বিক্রির ওপর ন্যূনতম আয়কর ০.৬০ বাতিল করা, মূসকের আদর্শ হার হ্রাস করার প্রস্তাব দিয়েছে। শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এসপিএফ বাগদা ও ভেনামি চিংড়ি আমদানিতে অগ্রিম আয়কর ও আমদানি শুল্ক প্রত্যাহারের দাবি জানিয়েছে।

বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন রং ও রংজাতীয় পণ্যকে অত্যাবশকীয় পণ্য হিসেবে বিবেচনা করে স্থানীয়ভাবে উৎপাদনের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে। অ্যাগ্রিকালচারাল মেশিনারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ অর্জিত লভ্যাংশে ওপর প্রস্তাবিত করপোরেট কর হ্রাস করে ২০ শতাংশ করার প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ফিনিশড লেদার গুডস অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন স্থানীয় বাজার থেকে চামড়া সংগ্রহ কালে অগ্রিম আয়কর প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

কালের কণ্ঠ

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করার প্রস্তাব ঢাকা চেম্বারের

নিজস্ব প্রতিবেদক

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করা এবং সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি। গতকাল জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক-বাজেট আলোচনা এসব প্রস্তাব দেয় সংগঠনটি।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। কর জাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। এ সময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা ও একক মূসকহার বা ভ্যাট হার ১০ শতাংশ করা। তাসকীন আহমেদ বলেন, করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর করা প্রয়োজন। প্রস্তাব শুনে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটাকে আরও বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। না হলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে। তিনি বলেন, ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি। তারাই এখন ভুগছে। সবাই একমত হলে, হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা, ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে।

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে
দৈনিক জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha

বুধবার, ১৯ মার্চ ২০২৫

ভ্যাট হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের প্রস্তাব ঢাকা চেম্বারের

অর্থনৈতিক রিপোর্টার ॥ আসন্ন ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ভ্যাট হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭.৫ শতাংশ এবং ৫ শতাংশ হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে। কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এমন বাস্তবতায়, আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ হারে নির্ধারণ করার প্রস্তাব করছে, ঢাকা চেম্বার। যার মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

মঙ্গলবার এনবিআরের সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনা অনুষ্ঠানে ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য ঢাকা চেম্বারের ৪২টি প্রস্তাবনা জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ-এর নিকট পেশ করেন ডিসিসিআই'র সভাপতি তাসকীন আহমেদ। ডিসিসিআই'র প্রস্তাবসমূহে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাসকরণ, ব্যবসা-বান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির কর কাঠামোর সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করা হয়। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ আগামী অর্থবছর হতে সকল করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করায় এনবিআরকে অভিনন্দন জানান। তিনি উল্লেখ করেন, এনবিআরের তথ্য অনুযায়ী, দেশে টিনধারীর সংখ্যা প্রায় ১ কোটি ১৩ লাখের বেশি হলেও ২০২৪ সালের ১ জুলাই হতে ৬ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত রিটার্ন দাখিল হয়েছে ৩৭ লাখের বেশি, যার মধ্যে অনলাইনে জমা পড়েছে মাত্র ১৩ লাখ ৩৫ হাজার ৮৯টি। দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি। এছাড়াও কর্পোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে

ডিসিসিআই'র বাজেট প্রস্তাবনা

অনলাইনে কর রিটার্ন জমা দেওয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার ওপর জোরারোপ করেন তাসকীন আহমেদ। বিদ্যমান উর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা হতে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারণের আহ্বান জানান। তা ছাড়াও বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রীম কর ৫ শতাংশ হতে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রীম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি। অনুষ্ঠানে ঢাকা চেম্বার সভাপতি আরও বলেন, কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত ট্যারিফ ভ্যালু ও বাজার মূল্যের মধ্যে পার্থক্য থাকায় ব্যবসায়ীদের প্রকৃত মূল্যের চেয়ে বেশি শুল্ক পরিশোধ করতে হচ্ছে, যা ব্যবসায়িক ব্যয় বৃদ্ধির পাশাপাশি আমদানি প্রক্রিয়াকে জটিল ও ব্যয়বহুল করে তুলছে, এমতাবস্থায় তিনি ট্যারিফ ভ্যালুর পরিবর্তে নির্দিষ্ট হারে শুল্ক আরোপের প্রস্তাব করেন। জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ বলেন, বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ় প্রতিজ্ঞ। তিনি বলেন, জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবে না, তা মোটেও গ্রহণযোগ্য নয়। তিনি জানান, গত ১০ বছরে টিনধারীর সংখ্যা ১ কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক। তিনি আরও বলেন, আয়করের মতো করপোরেট ট্যাক্স প্রদানের প্রক্রিয়া পুরোপুরি অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ব্যক্তি উদ্যোগের বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর দীর্ঘমেয়াদী কার্যক্রম পরিচালনার মাধ্যমে কর্পোরেট প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে কর্পোরেট করের হার কমানো প্রয়োজন বলে এনবিআর চেয়ারম্যান মত প্রকাশ করেন। তিনি বলেন, দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের স্বদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য। ভ্যাট ব্যবস্থায় স্বচ্ছতা ও ব্যবসায়ীদের সহযোগিতার লক্ষ্যে প্রয়োজনে দেশীয় তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞদের মাধ্যমে এনবিআর একটি সফটওয়্যার তৈরি করে দিতে আগ্রহী এবং এ বিষয়ে তিনি ব্যবসায়ী মহলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান, আগামী অর্থবছরে কর রেয়াত ব্যবস্থা আরও উদার করতে এনবিআর আগ্রহী। ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মানসহ জাতীয় রাজস্ব বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
বুধবার, ১৯ মার্চ ২০২৫

প্রাক-বাজেট আলোচনা

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করার দাবি ঢাকা চেম্বারের

নিজস্ব প্রতিবেদক

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করা ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি। মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি। এ সময় ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। করজাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। এ ছাড়া বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

আলোচনায় ডিসিসিআই সভাপতি জানান, বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০, ৭ দশমিক ৫ এবং ৫ শতাংশ হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে। উপরন্তু উপকরণ কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এমন বাস্তবতায়, আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ হারে নির্ধারণ করার প্রস্তাব করেছে ডিসিসিআই।

ঢাকা চেম্বার, যার মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

ডিসিসিআইর প্রস্তাবগুলোয় করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাসকরণ, ব্যবসাবান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির কর কাঠামোর সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করা হয়।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ আগামী অর্থবছর থেকে সব করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করায় এনবিআরকে অভিনন্দন জানান।

তিনি উল্লেখ করেন, এনবিআরের তথ্য অনুযায়ী দেশে টিনধারীর সংখ্যা ১ কোটি ১৩ লাখের বেশি হলেও ২০২৪ সালের ১ জুলাই থেকে ৬ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত রিটার্ন দাখিল হয়েছে ৩৭ লাখের বেশি, যার মধ্যে অনলাইনে জমা পড়েছে মাত্র ১৩ লাখ ৩৫ হাজার ৮৯টি। দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি।

এ ছাড়াও করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দেওয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার ওপর জোরারোপ করেন তাসকীন আহমেদ। বিদ্যমান উর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারণের আহ্বান জানান। তা ছাড়া বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রিম কর ৫ শতাংশ থেকে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রিম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ়প্রতিজ্ঞ।

তিনি বলেন, জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবে না, তা মোটেও গ্রহণযোগ্য নয়। তিনি জানান, গত ১০ বছরে টিনধারীর সংখ্যা ১ কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক।

তিনি আরও বলেন, আয়করের মতো করপোরেট ট্যাক্স প্রদানের প্রক্রিয়া পুরোপুরি অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ব্যক্তি উদ্যোগের বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর দীর্ঘমেয়াদি কার্যক্রম পরিচালনার মাধ্যমে করপোরেট প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে করপোরেট করের হার কমানো প্রয়োজন বলে এনবিআর চেয়ারম্যান মত প্রকাশ করেন।

আবদুর রহমান খান বলেন, দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের সদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য। ভ্যাট ব্যবস্থায় স্বচ্ছতা ও ব্যবসায়ীদের সহযোগিতার লক্ষ্যে প্রয়োজনে দেশীয় তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞদের মাধ্যমে এনবিআর একটি সফটওয়্যার তৈরি করে দিতে আগ্রহী এবং এ বিষয়ে তিনি ব্যবসায়ী মহলের সহযোগিতা কামনা করেন।

তিনি আরও জানান, আগামী অর্থবছরে কর রেয়াত ব্যবস্থা আরও উদার করতে এনবিআর আগ্রহী।

আজকের পত্রিকা
বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা চায় ঢাকা চেম্বার

প্রাক্-বাজেট আলোচনা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

২০২৫-২৬ অর্থবছরের জন্য করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা এবং সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি উৎপাদনকারীদের জন্য আমদানি পর্যায়ে আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি এবং বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাসের সুপারিশ করেছে সংগঠনটি। তবে ব্যক্তি কর কমানোর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভিন্নমত দিয়েছে।

গতকাল মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে এনবিআর ভবনে আয়োজিত প্রাক্-বাজেট আলোচনায় ডিসিসিআই তাদের প্রস্তাব উপস্থাপন করে। এনবিআরের চেয়ারম্যান আবদুর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ বৈঠকে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, 'করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা এবং ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। কর জাল সম্প্রসারণে এনবিআরকে কার্যকর পদক্ষেপ নিতে হবে।' তিনি বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো ও ভ্যাটের একক হার নির্ধারণের প্রস্তাব দেন।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা এবং একক মূসক বা ভ্যাটের হার ১০ শতাংশ করা।

তাসকীন আহমেদ বলেন, করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু করা প্রয়োজন।

এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খান বলেন, 'ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটি আরও বাড়ানো উচিত; ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটি কমানো ঠিক হবে না; বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক, তাঁরা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে।'

এ ছাড়া প্রাক্-বাজেট আলোচনায় বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ অগ্রিম আয়কর (এআইটি) হ্রাস, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্য কেনার ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ক্রপ প্রটেকশন অ্যাসোসিয়েশন কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক, মশার কয়েল, অ্যারোসল ও রিপিলেন্ট আমদানিতে করহার কমানোর প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) কৃষিপণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তন অব্যাহতি, বিক্রয়ের ওপর ন্যূনতম আয়কর দশমিক ৬ শতাংশ বাতিল ও মূসকের আদর্শ হার হ্রাস করার প্রস্তাব দিয়েছে। শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এসপিএফ বাগদা ও ভেনামি চিংড়ি আমদানিতে অগ্রিম আয়কর ও আমদানি শুল্ক প্রত্যাহারের দাবি জানিয়েছে। বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন রং ও রঙের পণ্যকে অত্যাবশ্যকীয় পণ্য হিসেবে বিবেচনা করে স্থানীয়ভাবে উৎপাদনের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

আজকের পত্রিকা

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
বুধবার, ১৯ মার্চ ২০২৫

প্রাক-বাজেট আলোচনায় ডিসিসিআই

করমুক্ত আয়ের সীমা পাঁচ লাখ টাকা করার প্রস্তাব

নিজস্ব প্রতিবেদক ●
করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা এবং সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাসের প্রস্তাব দিয়েছে সংগঠনটি। গতকাল মঙ্গলবার আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক-বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। কর জাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। এ সময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করারও প্রস্তাব দেন তিনি।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা এবং একক মূসকহার বা ভ্যাট হার ১০ শতাংশ করা।

তাসকীন আহমেদ বলেন, করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। তাই করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য দ্রুত অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর করা প্রয়োজন।

আমাদের সময়

ডিসিসিআইয়ের প্রস্তাবের বিষয়ে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, ব্যক্তির কর বেশি এবং কোম্পানির কর কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটাকে আরও বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বরং বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে।

এনবিআর চেয়ারম্যান বলেন, ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি। তারাই এখন ভুগছে। সবাই একমত হলে হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা, ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে।

এ ছাড়া বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ এআইটি হ্রাস করা, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ক্রপ প্রোটেকশন অ্যাসোসিয়েশন কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক, মশার কয়েল, অ্যারোসেল, রিপিলেন্ট আমদানিতে করহার কমানোর প্রস্তাব দেয়। বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) কৃষিজ পণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তনে অব্যাহতি, বিক্রয়ের ওপর ন্যূনতম আয়কর ০.৬০ বাতিল করা, মূসকের আদর্শ হার হ্রাস করার প্রস্তাব দিয়েছে। শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এসপিএফ বাগদা ও ভেনামী চিংড়ি আমদানিতে অগ্রিম আয়কর ও আমদানি শুল্ক প্রত্যাহারের দাবি জানায়। বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন রঙ ও রঙ জাতীয় পণ্যকে অত্যাবশকীয় পণ্য হিসেবে বিবেচনা করে স্থানীয়ভাবে উৎপাদনের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে। আর অ্যাগ্রিকালচার মেশিনারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ অর্জিত লভ্যাংশে ওপর প্রস্তাবিত করপোরেট কর হ্রাস করে ২০ শতাংশ করার প্রস্তাব দেয়। এ ছাড়া বাংলাদেশ ফিনিশড লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন স্থানীয় বাজার থেকে চামড়া সংগ্রহকালে অগ্রিম আয়কর প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

নয়া দিগন্ত

বুধবার, ১৯ মার্চ ২০২৫

এনবিআর : ডিসিসিআই আলোচনা

বার্ষিক করমুক্ত আয়সীমা ৫ লাখ করার সুপারিশ ডিসিসিআইর

● নিজস্ব প্রতিবেদক

ব্যক্তিশ্রেণীর করদাতাদের বার্ষিক করমুক্ত আয়সীমা পাঁচ লাখ টাকা এবং সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার সুপারিশ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। বর্তমানে ব্যক্তিপর্যায়ে বার্ষিক করমুক্ত আয়সীমা সাড়ে তিন লাখ টাকা এবং সর্বোচ্চ করহার ৩০ শতাংশ।

গতকাল জাতীয় রাজস্ব বোর্ডে (এনবিআর) অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনায় এ প্রস্তাব তুলে ধরেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) প্রেসিডেন্ট তাসকীন আহমেদ।

মূল্যস্ফীতি ও জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির সাথে সঙ্গতি রেখে ব্যক্তি খাতে করমুক্ত আয়ের সীমা বাড়ানোর প্রস্তাব সংগঠনটির। ডিসিসিআইয়ের প্রস্তাবে আরো রয়েছে, করমুক্ত আয় পাঁচ লাখ টাকার পরবর্তী তিন লাখ টাকা পর্যন্ত আয়ের করহার ৫ শতাংশ করা। যেটা এখন এক লাখ টাকার ওপর ৫ শতাংশ রয়েছে।

এ সময় এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খান বলেন, 'উন্নত দেশে ব্যক্তিশ্রেণীর কর ৫০-৫৫ শতাংশ। এটিকে কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটি ঠিক, তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। তিনি আরো বলেন, আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে।

এ সময় বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭.৫ শতাংশ এবং ৫ শতাংশ হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টি হচ্ছে। অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচেছ। উপরন্তু উপকরণ কর রেয়াতের সুবিধা সব ক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এমন বাস্তবতায় আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ হারে নির্ধারণ করার প্রস্তাব করেছে ডিসিসিআই। এর মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

বৈঠকে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ আগামী অর্থবছর থেকে সব করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করায় এনবিআরকে অভিনন্দন জানান। তিনি উল্লেখ করেন, এনবিআরের তথ্য অনুযায়ী, দেশে টিনধারীর সংখ্যা প্রায় এক কোটি ১৩ লাখের বেশি হলেও ২০২৪ সালের ১ জুলাই থেকে ৬ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত রিটার্ন দাখিল হয়েছে ৩৭ লাখের বেশি, যার মধ্যে অনলাইনে জমা পড়েছে মাত্র ১৩ লাখ ৩৫ হাজার ৮৯টি। দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি। এ ছাড়াও করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দেয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার ওপর জোর দেন তাসকীন আহমেদ। তা ছাড়াও বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রিম কর ৫ শতাংশ থেকে ধাপে ধাপে হ্রাস এবং আমদানিপর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রিম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

অনুষ্ঠানে ঢাকা চেম্বার সভাপতি আরো বলেন, কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত ট্যারিফ ভ্যালু ও বাজার মূল্যের মধ্যে পার্থক্য থাকায় ব্যবসায়ীদের প্রকৃত মূল্যের চেয়ে বেশি শুল্ক পরিশোধ করতে হচ্ছে, যা ব্যবসায়িক ব্যয় বৃদ্ধির পাশাপাশি আমদানি প্রক্রিয়াকে জটিল ও ব্যয়বহুল করে তুলছে, এ অবস্থায় তিনি ট্যারিফ ভ্যালুর পরিবর্তে নির্দিষ্ট হারে শুল্ক আরোপের প্রস্তাব করেন।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মোঃ আবদুর রহমান খান বলেন, বাণিজ্যসংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমেই সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ়প্রতিজ্ঞ। তিনি বলেন, জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবে না, তা মোটেও গ্রহণযোগ্য নয়। তিনি জানান, গত ১০ বছরে টিনধারীর সংখ্যা এক কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক।

তিনি আরো বলেন, আয়করের মতো করপোরেট ট্যাক্স প্রদানের প্রক্রিয়া পুরোপুরি অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ব্যক্তি উদ্যোগের বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর

দীর্ঘমেয়াদি কার্যক্রম পরিচালনার মাধ্যমে করপোরেট প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে করপোরেট করের হার কমানো প্রয়োজন বলে এনবিআর চেয়ারম্যান মতপ্রকাশ করেন। তিনি বলেন, দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে এ ক্ষেত্রে ব্যবসায়ীদের সদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য। ভ্যাটব্যবস্থায় স্বচ্ছতা ও ব্যবসায়ীদের সহযোগিতার লক্ষ্যে প্রয়োজনে দেশীয় তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞদের মাধ্যমে এনবিআর একটি সফটওয়্যার তৈরি করে দিতে আগ্রহী এবং এ বিষয়ে তিনি ব্যবসায়ী মহলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান, আগামী অর্থবছরে কর রেয়াত ব্যবস্থা আরো উদার করতে এনবিআর আগ্রহী। ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি উল্লেখ করে এনবিআর চেয়ারম্যান জানান, 'তারাই এখন ভুগছে। সবাই একমত হলে হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। এফবিসিসিআইয়ের মাধ্যমে প্রস্তাব দেয়া যেতে পারে।

প্রতিদিনের সংবাদ
www.protidinersangbad.com
বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করার প্রস্তাব ঢাকা চেম্বারের

● নিজস্ব প্রতিবেদক

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করা ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি। গতকাল মঙ্গলবার সকালে আগারগাঁও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক-বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকিন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। কর জাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে। এ সময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের এককহার করার প্রস্তাব দেন তিনি। সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে- অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা ও একক মূসকহার বা ভ্যাটহার ১০ শতাংশ করা।

তাসকিন আহমেদ বলেন, করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর করা প্রয়োজন।

প্রস্তাব শুনে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটাকে আরো বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে। তিনি বলেন, ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের এককহার হয়নি। তারাই এখন ভুগছে। সবাই একমত হলে হার কিছুটা কমিয়ে হলেও এককহারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে। এ ছাড়া বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ এআইটি হ্রাস করা, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ক্রপ প্রোটেকশন অ্যাসোসিয়েশন কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক, মশার কয়েল, অ্যারোসেল, রিপিলেন্ট আমদানিতে করহার কমানোর প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) কৃষিজ পণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তনে অব্যাহতি, বিক্রয়ের ওপর ন্যূনতম আয়কর ০.৬০ বাতিল করা, মূসকের আদর্শ হার হ্রাস করার প্রস্তাব দিয়েছে। শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এসপিএফ বাগদা ও ভেনামী চিংড়ি আমদানিতে অগ্রিম আয়কর ও আমদানি শুল্ক প্রত্যাহারের দাবি জানিয়েছে। বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন রং ও রং জাতীয় পণ্যকে অত্যাবশকীয় পণ্য হিসাবে বিবেচনা করে স্থানীয়ভাবে উৎপাদনের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে। এগ্রিকালচার মেশিনারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ অর্জিত লভ্যাংশের ওপর প্রস্তাবিত করপোরেট কর হ্রাস করে ২০ শতাংশ করার প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ফিনিশড লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন স্থানীয় বাজার থেকে চামড়া সংগ্রহকালে অগ্রিম আয়কর প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

প্রতিদিনের সংবাদ

দেশের সর্বাধিক পাঠকপ্রিয় জাতীয় দৈনিক

বাংলাদেশ বুলেটিন

বুধবার • ১৯ মার্চ ২০২৫ • ৫ চৈত্র ১৪৩১

ভ্যাট হার সিঙ্গেল ডিজিট নির্ধারনের প্রস্তাব ঢাকা চেম্বারের

বুলেটিন ডেস্ক

প্রকাশ: মঙ্গলবার, ১৮ মার্চ, ২০২৫, ৫:৩৪ PM

বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫% থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০%, ৭.৫% এবং ৫% হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে, উপরন্তু উপকরণ কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এমন বাস্তবতায়, আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১% হারে নির্ধারণ করার প্রস্তাব করছে ঢাকা চেম্বার, যার মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

মঙ্গলবার এনবিআরের সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনা অনুষ্ঠানে ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য ঢাকা চেম্বারের ৪২টি প্রস্তাবনা জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ-এর নিকট পেশ করেন ডিসিসিআই'র সভাপতি তাসকীন আহমেদ।

ডিসিসিআই'র প্রস্তাবসমূহে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাসকরণ, ব্যবসা-বান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির কর কাঠামোর সহজীকরণ প্রভৃতি বিষয়ের উপর জোরারোপ করা হয়।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ আগামী অর্থবছর হতে সকল করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করায় এনবিআরকে অভিনন্দন জানান।

তিনি উল্লেখ করেন, এনবিআরের তথ্য অনুযায়ী, দেশে টিনধারীর সংখ্যা প্রায় ১ কোটি ১৩ লাখের বেশি হলেও ২০২৪ সালের ১ জুলাই হতে ৬ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত রিটার্ন দাখিল হয়েছে ৩৭ লাখের বেশি, যার মধ্যে অনলাইনে জমা পড়েছে মাত্র ১৩ লাখ ৩৫ হাজার ৮৭টি। দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি। এছাড়াও কর্পোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দেওয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার উপর জোরারোপ করেন তাসকীন আহমেদ। বিদ্যমান উর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা ৩ লক্ষ ৫০ হাজার টাকা হতে বাড়িয়ে ৫ লক্ষ টাকা নির্ধারনের আহ্বান জানান। তাছাড়াও বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রীম কর ৫% হতে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রীম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

অনুষ্ঠানে ঢাকা চেম্বার সভাপতি আরো বলেন, কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত ট্যারিফ ভ্যালু ও বাজার মূল্যের মধ্যে পার্থক্য থাকায় ব্যবসায়ীদের প্রকৃত মূল্যের চেয়ে বেশি শুল্ক পরিশোধ করতে হচ্ছে, যা ব্যবসায়িক ব্যয় বৃদ্ধির পাশাপাশি আমদানি প্রক্রিয়াকে জটিল ও ব্যয়বহুল করে তুলছে, এমতাবস্থায় তিনি ট্যারিফ ভ্যালুর পরিবর্তে নির্দিষ্ট হারে শুল্ক আরোপের প্রস্তাব করেন।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ বলেন, বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ় প্রতিজ্ঞ।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ বলেন, বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ় প্রতিজ্ঞ।

তিনি বলেন, জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবে না, তা মোটেও গ্রহণযোগ্য নয়।

তিনি জানান, গত ১০ বছরে টিনধারীর সংখ্যা ১ কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক।

তিনি আরও বলেন, আয়করের মতো করপোরেট ট্যাক্স প্রদানের প্রক্রিয়া পুরোপুরি অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ব্যক্তি উদ্যোগের বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর দীর্ঘমেয়াদী কার্যক্রম পরিচালনার মাধ্যমে কর্পোরেট প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে কর্পোরেট করের হার কমানো প্রয়োজন বলে এনবিআর চেয়ারম্যান মত প্রকাশ করেন।

তিনি বলেন, দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের স্বদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য। ভ্যাট ব্যবস্থায় স্বচ্ছতা ও ব্যবসায়ীদের সহযোগিতার লক্ষ্যে প্রয়োজনে দেশীয় তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞদের মাধ্যমে এনবিআর একটি সফটওয়্যার তৈরি করে দিতে আগ্রহী এবং এ বিষয়ে তিনি ব্যবসায়ী মহলের সহযোগিতা কামনা করেন।

তিনি আরও জানান, আগামী অর্থবছরে কর রেয়াত ব্যবস্থা আরো উদার করতে এনবিআর আগ্রহী।

এ সময় ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান সহ জাতীয় রাজস্ব বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

ভ্যাট-হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের প্রস্তাব ঢাকা চেম্বারের

বাংলা ট্রিবিউন রিপোর্ট

১৮ মার্চ ২০২৫, ১৫:১৯

এনবিআরের সম্মেলনকেন্দ্রে প্রাক-বাজেট আলোচনায় ডিসিসিআই নেতারা

বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০, ৭.৫ এবং ৫ শতাংশ হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে। উপরন্তু, উপকরণ কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এমন বাস্তবতায়, আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ হারে নির্ধারণ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার। এর মাধ্যমে মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

মঙ্গলবার (১৮ মার্চ) এনবিআরের সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনা অনুষ্ঠানে ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য ঢাকা চেম্বারের ৪২টি প্রস্তাবনা জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর চেয়ারম্যান মো. আবদুর রহমান খানের কাছে পেশ করেন ডিসিসিআই'র সভাপতি তাসকীন আহমেদ। ডিসিসিআই'র প্রস্তাবগুলোতে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাসকরণ, ব্যবসাবান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির কর কাঠামোর সহজ করা প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করা হয়।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ আগামী অর্থবছর হতে সব করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করায় এনবিআরকে অভিনন্দন জানান। তিনি উল্লেখ করেন, এনবিআরের তথ্য অনুযায়ী, দেশে টিনধারীর সংখ্যা প্রায় ১ কোটি ১৩ লাখের বেশি হলেও ২০২৪ সালের ১ জুলাই হতে ৬ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত রিটার্ন দাখিল হয়েছে ৩৭ লাখের বেশি, যার মধ্যে অনলাইনে জমা পড়েছে মাত্র ১৩ লাখ ৩৫ হাজার ৮৯টি। দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি। এছাড়া করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দেওয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার ওপর জোর দেন তাসকীন আহমেদ। বিদ্যমান উর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তিশ্রেণির করমুক্ত আয়ের সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা হতে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারণের আহ্বান জানান। তাছাড়া বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রিম কর ৫ শতাংশ হতে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রিম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

অনুষ্ঠানে ঢাকা চেম্বার সভাপতি আরও বলেন, কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত ট্যারিফ ভ্যালু ও বাজারমূল্যের মধ্যে পার্থক্য থাকায় ব্যবসায়ীদের প্রকৃত মূল্যের চেয়ে বেশি শুল্ক পরিশোধ করতে হচ্ছে, যা ব্যবসায়িক ব্যয় বৃদ্ধির পাশাপাশি আমদানি প্রক্রিয়াকে জটিল ও ব্যয়বহুল করে তুলছে। এমতাবস্থায় তিনি ট্যারিফ ভ্যালুর পরিবর্তে নির্দিষ্ট হারে শুল্ক আরোপের প্রস্তাব করেন।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ় প্রতিজ্ঞ। তিনি বলেন, জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবে না, তা মোটেও গ্রহণযোগ্য নয়। তিনি জানান, গত ১০ বছরে টিনধারীর সংখ্যা ১ কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক।

তিনি বলেন, আয়করের মতো করপোরেট ট্যাক্স প্রদানের প্রক্রিয়া পুরোপুরি অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ব্যক্তি উদ্যোগের বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর দীর্ঘমেয়াদী কার্যক্রম পরিচালনার মাধ্যমে করপোরেট প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে করপোরেট করের হার কমানো প্রয়োজন বলে এনবিআর চেয়ারম্যান মত প্রকাশ করেন। তিনি বলেন, দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের স্বদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য। ভ্যাট ব্যবস্থায় স্বচ্ছতা ও ব্যবসায়ীদের সহযোগিতার লক্ষ্যে প্রয়োজনে দেশীয় তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞদের মাধ্যমে এনবিআর একটি সফটওয়্যার তৈরি করে দিতে আগ্রহী এবং এ বিষয়ে তিনি ব্যবসায়ী মহলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান, আগামী অর্থবছরে কর রেয়াত ব্যবস্থা আরও উদার করতে এনবিআর আগ্রহী।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মানসহ জাতীয় রাজস্ব বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

bdnews24.com

ভ্যাট হার এক অংকে চায় ঢাকা চেম্বার

এনবিআর চেয়ারম্যান বলেছেন, সরকারও ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে সেক্ষেত্রে ব্যবসায়ীদের সদিচ্ছা ও স্বচ্ছতা অপরিহার্য।

বর্তমানে মূল্য সংযোজন করের (মূসক বা ভ্যাট) হার সাধারণভাবে ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭ দশমিক ৫ শতাংশ ও ৫ শতাংশ করার ফলে ব্যবসায়ীদের জন্য 'জটিলতা সৃষ্টির' পাশাপাশি অনেক ক্ষেত্রে 'বিরোধ তৈরি হচ্ছে' বলে অভিযোগ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

সংগঠনটি বলছে, উপকরণ কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন।

এ বাস্তবতায় আগামী বাজেটে ভ্যাটের হার এক অংকে নির্ধারণের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ক্ষেত্রে ১ শতাংশ হারে ভ্যাট নির্ধারণের প্রস্তাব করা হয়েছে।

এর মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় 'স্বচ্ছতা' আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে 'ইতিবাচক প্রভাব পড়বে' বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

মঙ্গলবার এনবিআরের সম্মেলন কক্ষে প্রাক-বাজেট আলোচনায় ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য ঢাকা চেম্বারের তরফে ৪২টি প্রস্তাব তুলে ধরা হয়।

ডিসিসিআই এর প্রস্তাবে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাস, ব্যবসা-বান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির কর কাঠামোর সহজীকরণের মত বিষয়ে জোর দেওয়া হয়েছে।

দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের সুপারিশ করেন ঢাকা চেম্বার সভাপতি তাসকীন আহমেদ।

এছাড়া করপোরেট কোম্পানিগুলো যাতে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দিতে পারে, সেজন্য 'অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি' চালু করার ওপর জোর দেন তিনি।

বিদ্যমান উর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারণের আহ্বান জানান।

এছাড়া বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রিম কর ৫ শতাংশ থেকে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রিম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

ঢাকা চেম্বার সভাপতি অনুষ্ঠানে বলেন, "কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত ট্যারিফ ভ্যালু ও বাজার মূল্যের মধ্যে পার্থক্য থাকায় ব্যবসায়ীদের প্রকৃত মূল্যের চেয়ে বেশি শুল্ক পরিশোধ করতে হচ্ছে, যা ব্যবসার ব্যয় বৃদ্ধির পাশাপাশি আমদানি প্রক্রিয়াকে জটিল ও ব্যয়বহুল করে তুলছে।"

এ অবস্থায় তিনি ট্যারিফ ভ্যালুর পরিবর্তে নির্দিষ্ট হারে শুল্ক আরোপের প্রস্তাব করেন।

আলোচনার সভাপতি এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, "ক্রমান্বয়ে বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ় প্রতিজ্ঞ। এনবিআর করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবে না, তা মোটেও গ্রহণযোগ্য নয়।"

তিনি বলেন, "গত ১০ বছরে টিনধারীর সংখ্যা ১ কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক। আয়করের মত করপোরেট ট্যাক্স প্রদানের প্রক্রিয়া পুরোপুরি অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।"

তিনি বলেন, "দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের সদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য।"

ভ্যাট ব্যবস্থায় স্বচ্ছতা ও ব্যবসায়ীদের সহযোগিতার লক্ষ্যে প্রয়োজনে দেশীয় তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞদের মাধ্যমে এনবিআর একটি সফটওয়্যার তৈরি করে দিতে আগ্রহী জানিয়ে তিনি এ বিষয়ে ব্যবসায়ী মহলের সহযোগিতা কামনা করেন।

BSS NEWS
Online portal of Bangladesh Sangbad Sangstha
Wednesday
19 March, 2025

DCCI calls for uniform single-digit VAT rate across the board

The Dhaka Chamber of Commerce & Industry (DCCI) held a pre-budget meeting with the NBR Chairman, Md Abdur Rahman Khan, at the NBR Building today. Photo: DCCI

DHAKA, March 18, 2025 (BSS) – The Dhaka Chamber of Commerce & Industry (DCCI) has proposed to fix a uniform single-digit VAT rate across the board and nominal 1% VAT for the traders of informal sectors in the next budget for fiscal year 2025-2026 (FY26).

The DCCI said such a rate would bring transparency in the overall revenue management, reduce cost of doing business and have a positive impact on the manufacturing sector.

At present, the DCCI said the standard VAT rate is 15% across the board, but it has been segregated to different slabs like 10%, 7.5% and 5% in different sectors that actually caused difficulties for traders as well as disputes in many cases. Besides, many traders are bearing the burden of additional tax due to non-availability of input tax rebate benefit, it added.

These proposals were submitted by Taskeen Ahmed, President of DCCI, while placing the Chamber's budget (FY2025-26) proposals to the NBR Chairman Md Abdur Rahman Khan in a pre-budget meeting at the NBR Building today, said a DCCI press release.

This year, a total of 42 budget proposals were placed by Taskeen Ahmed focusing on widening tax net and setting a target of revenue collection, reducing tax rates, introducing business-friendly tax policies and automation of revenue system, reforming VAT management, protecting local industries and manufacturing sectors, simplifying import duty, tariff system and tax structure for the individuals.

DCCI President Taskeen Ahmed congratulated the NBR for taking the initiative to bring all taxpayers under the online income tax return process from the next fiscal.

He also mentioned that according to NBR data, there are more than 10.13 million TIN holders in the country, but from July 1, 2024 to February 6, 2025, only more than 37 lakh returns were submitted.

The DCCI President proposed setting a short, medium and long-term target for increasing tax payers and expanding the tax net.

Taskeen Ahmed also called for introducing an automated tax return system to facilitate corporate entities to file their tax returns online. Also considering the prevailing inflationary situation and its burden on the mass people, he requested for raising the tax-free income limit for the individuals from Taka 3.50 lakh to Taka 5 lakh.

In addition, the DCCI president proposed gradual reduction of advance tax at the import level for the commercial importers and gradual phasing out of the existing advance tax for the manufacturers at the import level.

He said that traders have to pay more customs duty than the actual import price due to the difference between the tariff value set by the customs authority and the market price, which is increasing the business cost as well as making the import process complicated and expensive.

In this regard, he proposed to impose a fixed rate of customs duty instead of tariff value set by the customs authority.

NBR Chairman Md. Abdur Rahman Khan said the NBR is determined to expand trade and investment through gradual reforms of trade-related revenue policies.

He also said that the revenue board would try to address the tax expenditure adding, "A portion of people are giving tax and the others are not, this can't be accepted,"

At present, he said the TIN holders in the country are about 10.14 million whereas the number of TIN holders has increased by ten million in the last ten years, but the number of taxpayers has not increased to the desired level compared to that, which is disappointing.

Rahman also said that NBR is working to bring soon the corporate tax return system completely online and for this, initiatives have also been taken.

The NBR Chairman also opined that there is a need to reduce the corporate tax rate in order to create an environment to transform individual enterprises into corporate entities gradually under a corporate culture in the long run.

Regarding various VAT rates, he said if the business community agrees and can come to a consensus, the government is keen to bring the VAT rate to a single digit instead of maintaining different slabs that actually creates complexities in reality.

But, for that businessmen's will, accountability and transparency are essential in this regard, he added.

In this connection, he proposed that the NBR can develop integrated software to be made only by the local IT expertise to easily calculate accounting, do audits and submitting VAT or even income tax returns automatically without any hassle so that all can take its benefits centrally but through online.

This proposed software may be developed through web-based and by this system, NBR will have access to TIN and BIN holders' databases also.

Rahman also said the NBR would try to be liberal in terms of tax rebate system in the next fiscal year (FY26).

DCCI Senior Vice President Razeev H Chowdhury and Vice President Md. Salem Sulaiman were also present on the occasion.

CHANNEL 24
সব সময় | সব দিকের | সব খবর
প্রকাশিত: ১৮:৪৯, ১৮ মার্চ ২০২৫
আপডেট: ১৯:৩০, ১৮ মার্চ ২০২৫

বার্ষিক করমুক্ত আয়সীমা পাঁচ লাখ টাকা করার সুপারিশ

এনবিআর ভবনে প্রি-বাজেট আলোচনা অনুষ্ঠান। ছবি: সংগৃহীত

মূল্যস্ফীতির ও জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির সঙ্গে সংগতি রেখে ব্যক্তিশ্রেণির করদাতাদের বার্ষিক করমুক্ত আয়সীমা তিন লাখ টাকা থেকে পাঁচ লাখ টাকা বাড়ানোর সুপারিশ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একই সঙ্গে সর্বোচ্চ করহার ২৫ শতাংশ রাখার প্রস্তাবনা দিয়েছে সংগঠনটি।

মঙ্গলবার (১৮ মার্চ) জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সভাপতির সভাপতিত্বে এনবিআর ভবনে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনায় এ প্রস্তাব তুলে ধরেন ডিসিসিআইয়ের প্রেসিডেন্ট তাসকীন আহমেদ।

তিনি বলেন, বর্তমানে ব্যক্তি পর্যায়ে বার্ষিক করমুক্ত আয়সীমা সাড়ে ৩ লাখ টাকা এবং সর্বোচ্চ কর হার ৩০ শতাংশ করা হয়েছে। আমাদের প্রস্তাবনা হলো করমুক্ত আয় সীমা পাঁচ লাখ টাকা করা এবং সর্বোচ্চ করহার ২৫ শতাংশ রাখা।

ডিসিসিআইয়ের প্রস্তাবে আরও রয়েছে, করমুক্ত আয় পাঁচ লাখ টাকার পরবর্তী স্লাব ৩ লাখ টাকা পর্যন্ত মোট আয়ের ৫ শতাংশ করহার করা। যেটা এখন এক লাখ টাকার উপর ৫ শতাংশ আছে।

এনবিআর চেয়ারম্যান আব্দুর রহমান খান বলেন, 'উন্নত দেশে ব্যক্তি শ্রেণির কর ৫০-৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না, বাড়াতে হবে। না হলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান।'

২০২৫-২৬ অর্থবছরের জন্য ডিসিসিআইয়ের বাজেট প্রস্তাবনা উপস্থাপন করেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। তিনি আনানুষ্ঠানিক খাত ব্যতীত একক মূসক হার এর প্রস্তাব দেন।

তাসকীন আহমেদ বলেন, 'বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ, তবে বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭.৫ শতাংশ এবং ৫ শতাংশ করা হয়েছে। এভাবে বিভক্ত হার থাকার ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টি হয়, কর প্রশাসনের দক্ষতা ব্যাহত হয় এবং অনেক ক্ষেত্রে বিরোধ দেখা দেয়। এর পরও উপকরণ রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হন।'

তিনি বলেন, 'একক ব্যক্তির ক্ষেত্রে ১০ শতাংশ মূসক হার এবং অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের জন্যে এক শতাংশ নির্ধারণ করলে বর্তমান জটিলতা ও বিভ্রান্তি দূর হবে, কর আহরণ সহজ এবং রাজস্ব আদায় বাড়বে।'

DHAKA POST

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করার দাবি ঢাকা চেম্বারের

জ্যেষ্ঠ প্রতিবেদক
১৮ মার্চ ২০২৫, ১৫:১৫

10 Shares

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করা ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

পাশাপাশি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি।

মঙ্গলবার (১৮ জানুয়ারি) আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে প্রাক বাজেট আলোচনায় এসব প্রস্তাব দেয় সংগঠনটি।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। করজাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে।

এসময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে- অটোমেটেড কর্পোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা ও একক মূসকহার বা ভ্যাট হার ১০ শতাংশ করা।

তাসকীন আহমেদ বলেন, কর্পোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় কর্পোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত কর্পোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড কর্পোরেট কর রিটার্ন চালুর করা প্রয়োজন।

প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশে হবে। এটাকে আরো বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে।

তিনি বলেন, ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি। তারাই এখন ভুগছে। সবাই একমত হলে, হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা, ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে।

এছাড়া বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ এআইটি হ্রাস করা, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ ক্রপ প্রোটেকশন অ্যাসোসিয়েশন কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক, মশার কয়েল, অ্যারোসেল, রিপিলেন্ট আমদানিতে কর হার কমানোর প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) কৃষিজ পণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তনে অব্যাহতি, বিক্রয়ের উপর ন্যূনতম আয়কর ০.৬০ বাতিল করা, মূসকের আদর্শ হার হ্রাস করার প্রস্তাব দিয়েছে।

শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এসপিএফ বাগদা ও ভেনামি চিংড়ি আমদানিতে অগ্রিম আয়কর ও আমদানি শুল্ক প্রত্যাহারের দাবি জানিয়েছে।

বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন রঙ ও রঙ জাতীয় পণ্যকে অত্যাবশকীয় পণ্য হিসাবে বিবেচনা করে স্থানীয় ভাবে উৎপাদনের ক্ষেত্রে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

অ্যাগ্রিকালচারাল মেশিনারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ অর্জিত লভ্যাংশে উপর প্রস্তাবিত করপোরেট কর হ্রাস করে ২০ শতাংশ করার প্রস্তাব দিয়েছে। বাংলাদেশ ফিনিশড লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন স্থানীয় বাজার থেকে চামড়া সংগ্রহ কালে অগ্রিম আয়কর প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

INDEPENDENT

করমুক্ত আয়ের সীমা বাড়ানোর ইঙ্গিত এনবিআর চেয়ারম্যানের

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

প্রকাশ : ১১ মার্চ ২০২৫, ০৬:৩৫ পিএম

আসন্ন বাজেটে বাড়বে ব্যক্তি শ্রেণির করের সর্বোচ্চ হার। পাশাপাশি কর মুক্ত আয়ের সীমাও বাড়ানোর ইঙ্গিত দিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান আবদুর রহমান খান। মঙ্গলবার রাজস্ব ভবনে এক প্রাক বাজেট আলোচনায় এ তথ্য জানান তিনি।
এসময় ঢাকা চেম্বারের নেতারা ব্যক্তি করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করার দাবি জানান।

বর্তমানে ব্যক্তিশ্রেণির করদাতাদের জন্য করমুক্ত আয়ের সীমা পুরুষদের ক্ষেত্রে সাড়ে ৩ লাখ টাকা, আর নারীদের ক্ষেত্রে ৪ লাখ ৫০ হাজার টাকা। এছাড়া ব্যক্তি করদাতাদের সর্বোচ্চ কর হার ২৫ শতাংশ ।

আসন্ন অর্থবছরের প্রাক বাজেট আলোচনায় ঢাকা চেম্বারের পক্ষ থেকে করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করার প্রস্তাব করা হয়। পাশাপাশি কর জাল বাড়ানোর প্রস্তাবও দেয় সংগঠনটি।

সংগঠনটির সভাপতি তাসকিন আহমেদ বলেন, 'মূল্যস্ফীতির একটা বড় চ্যালেঞ্জ সামনে আছে। লোয়ার মিডল ইনকামদের ওপরে আপনার যে সাড়ে ৩ লাখ টাকার একটা ক্যাপ আছে, ওটাকে ৫ লাখ পর্যন্ত করে, অন্তত ২–৩ বছরের জন্য ওই আয় সীমার মানুষ যাতে একটু রেহাই পায় এবং মূল্যস্ফীতিটা যাতে একটু লাঘব হয়।'

এসময় এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খান জানান, উন্নত দেশের তুলনায় বাংলাদেশে ব্যক্তি করের হার অনেক কম। তাই কোম্পানির নয়, ব্যক্তিগত সর্বোচ্চ কর বেশি হওয়া উচিত বলেও জানান তিনি।

এনবিআর চেয়ারম্যান বলেন, 'আমরা সরে গেছি যেটা উল্টো রেজাল্ট দিয়েছে। একবার ৩০ শতাংশ বসাই, আবার উঠায় দেই। এই যে বসেছে এটাকে আর ওঠানো ঠিক হবে না। বরং ধীরে ধীরে এটাকে আরও বাড়ানো সম্ভব।'

এসময় ঢাকা চেম্বার সহ বিভিন্ন খাতের ব্যবসায়ীরা বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানোর দাবি জানান। পাশাপাশি ভ্যাটের হার এক অংকে আনার প্রস্তাব করেন তারা।

Jagonews24.com
প্রযুক্তির নিরন্তর প্রবাহে

অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর প্রস্তাব দেবে ঢাকা চেম্বার

জ্যেষ্ঠ প্রতিবেদক
প্রকাশিত: ০৩:০৬ এএম, ১৮ মার্চ ২০২৫

করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর প্রস্তাব করবে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

সংগঠনটি আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য আগাম কর ধাপে ধাপে বিলুপ্তি ও বাণিজ্যিক আমদানিকারকদের জন্য আগাম কর হ্রাস করার প্রস্তাব দেবে। ঢাকা চেম্বার ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্তির জন্য ৪২টি প্রস্তাব পেশ করবে।

সংগঠনটি বলছে, এসব প্রস্তাব বাস্তবায়নের মাধ্যমে করজাল সম্প্রসারণ, মুসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প সুরক্ষা ও ব্যক্তি শ্রেণির কর কাঠামো সহজ হবে। ব্যবসায়ীদের এই সংগঠনটি করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকা করা ও সর্বোচ্চ করহার ২৫ শতাংশ করার প্রস্তাব করবে। বর্তমানে করমুক্ত আয়ের সীমা সাড়ে তিন লাখ ও সর্বোচ্চ করহার ৩০ শতাংশ রয়েছে

আজ মঙ্গলবার (১৭ মার্চ) সকালে প্রাক বাজেট আলোচনায় জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সামনে এসব প্রস্তাব তুলে ধরবে সংগঠনটি। ডিসিসিআই সূত্রে এসব তথ্য জানা গেছে।

অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু করার প্রস্তাবের পক্ষে সংগঠনটি বলছে, হাতে লেখা রিটার্নে দেরি হয়, অনিচ্ছাকৃত ভুল হয়ে থাকে। এর ফলে ব্যবসায়ীদের অতিরিক্ত জরিমানা দিতে হয়। অটোমেটেড করপোরেট কর রিটার্ন পদ্ধতি যদি অন্যান্য সব সেবার সঙ্গে সংযুক্ত থাকে, তাতে বাড়তি কাগজ দিতে হবে না। এই সিস্টেমে আপিল ও ফেরতপ্রদান প্রক্রিয়া স্বয়ংক্রিয় পরিচালিত হবে। যার ফলে ব্যবসায়ীরা উপকৃত হবেন।

সংগঠনটি বলছে, দেশের ব্যবসা-বাণিজ্য ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রিক। এই দুই অঞ্চল থেকে রাজস্ব আদায়ে চাপও বেশি। যা সামগ্রিক করজালের ভারসাম্যহীনতা নির্দেশ করে। রিটার্ন দাখিলের সংখ্যা বাড়াতে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়ার প্রস্তাব দিয়েছে ডিসিসিআই। পাশাপাশি তারা ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করার প্রস্তাব দেবে।

সেবা সংক্রান্ত উৎসে কর কর্তন হার বেশি হওয়ায় এবং তা মিনিমাম কর হিসেবে গণ্য হওয়ায় ব্যবসায়িক খরচ বাড়ছে। এ অবস্থায় বাজেট প্রস্তাবে উৎসে করের কর্তন হার যৌক্তিক করার প্রস্তাব দেবে ডিসিসিআই।

মুসক প্রস্তাবে সংগঠনটি একক মুসকহার বা ভ্যাট হার ১০ শতাংশ, অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের জন্য ভ্যাট এক শতাংশ করার প্রস্তাব দেবে।

ভ্যাট সংগ্রহ ব্যবস্থাকে আরও বেশি স্বচ্ছ, দক্ষ, ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামুলক করার প্রস্তাব করবে সংগঠনটি। এর ফলে ভ্যাট ফাঁকি রোধ, ভ্যাট আদায় ও নিরীক্ষা সহজ হবে বলে মনে করে ডিসিসিআই। এছাড়া ট্যারিফ ভ্যালু নির্ধারণের স্বচ্ছতা ও সহজ করা, রপ্তানিমুখী বন্ডেড ট্যানারি শিল্পের প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধিতে নীতিগত সংস্কার করার প্রস্তাব করছে তারা।

সংগঠনটি বলছে, বর্তমানে রপ্তানিমুখী বন্ডেড ট্যানারি শিল্পের জন্য ফ্রি অব কস্ট (এফওসি)- এর ভিত্তিতে ওয়েটব্লু, ক্রাস্ট চামড়া ও কেমিক্যাল আমদানির অনুমতি নেই। এছাড়া, বস্ত্র ও পোশাক শিল্প, পাদুকা ও চামড়াজাত পণ্য শিল্প, ফার্মাসিউটিক্যালস শিল্প, অটোমোবাইল ও ইলেকট্রনিক্স শিল্প, আসবাবপত্র ও কাঠ শিল্প, জাহাজ নির্মাণ ও প্রকৌশল শিল্প, প্লাস্টিক ও প্যাকেজিং শিল্প এফওসির ভিত্তিতে কাঁচামাল আমদানির অনুমতি না থাকায় এসব শিল্প দ্রুত বায়ারের চাহিদা অনুযায়ী পণ্য প্রস্তুত করতে পারছে না। যা রপ্তানি প্রবৃদ্ধিতে বাধা সৃষ্টি করছে।

এ পরিস্থিতি মোকাবিলায় শিল্পের প্রয়োজন অনুযায়ী এফওসির ভিত্তিতে আমদানির অনুমতি দেওয়া প্রয়োজন। পাশাপাশি উৎপাদিত প্রয়োজনীয় কাঁচামাল সরাসরি বায়ারের মনোনীত সরবরাহকারীর মাধ্যমে ইপিজেড ও নন-ইপিজেড বন্ডেড কারখানায় সরবরাহের সুযোগ থাকতে হবে। আন্তর্জাতিক সাব-কন্ট্রাক্টিংয়ের বিধান অন্তর্ভুক্ত করে সংশ্লিষ্ট নীতিমালা সংশোধন করার প্রস্তাব করবে সংগঠনটি।

অর্থনীতি

বার্ষিক করমুক্ত আয়সীমা পাঁচ লাখ টাকা করার সুপারিশ

প্রকাশ : ১৮ মার্চ ২০২৫, ২২ :৩২

নিউজনাউ ডেস্ক : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মূল্যস্ফীতির ও জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির সাথে সংগতি রেখে ব্যক্তিশ্রেণির করদাতাদের বার্ষিক করমুক্ত আয়সীমা তিন লাখ টাকা থেকে পাঁচ লাখ টাকা বাড়ানোর সুপারিশ করেছে। একই সাথে সর্বোচ্চ করহার ২৫ শতাংশ রাখার প্রস্তাবনা দিয়েছে সংগঠনটি।

মঙ্গলবার (১৮ মার্চ) জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সভাপতির সভাপতিত্বে এনবিআর ভবনে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনায় এ প্রস্তাব তুলে ধরেন ডিসিসিআইয়ের প্রেসিডেন্ট তাসকীন আহমেদ।

তিনি বলেন, বর্তমানে ব্যক্তি পর্যায়ে বার্ষিক করমুক্ত আয়সীমা সাড়ে ৩ লাখ টাকা এবং সর্বোচ্চ কর হার ৩০ শতাংশ করা হয়েছে। আমাদের প্রস্তাবনা হলো করমুক্ত আয় সীমা পাঁচ লাখ টাকা করা এবং সর্বোচ্চ করহার ২৫ শতাংশ রাখা।

ডিসিসিআইয়ের প্রস্তাবে আরও রয়েছে, করমুক্ত আয় পাঁচ লাখ টাকার পরবর্তী স্লাব ৩ লাখ টাকা পর্যন্ত মোট আয়ের ৫ শতাংশ করহার করা। যেটা এখন এক লাখ টাকার উপর ৫ শতাংশ আছে।

এনবিআর চেয়ারম্যান আব্দুর রহমান খান বলেন, উন্নত দেশে ব্যক্তি শ্রেণির কর ৫০-৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না, বাড়াতে হবে। না হলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান।

২০২৫-২৬ অর্থবছরের জন্য ডিসিসিআইয়ের বাজেট প্রস্তাবনা উপস্থাপন করেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। তিনি আনানুষ্ঠানিক খাত ব্যতীত একক মূসক হার এর প্রস্তাব দেন।

তাসকীন আহমেদ বলেন, বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ, তবে বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭.৫ শতাংশ এবং ৫ শতাংশ করা হয়েছে। এভাবে বিভক্ত হার থাকার ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টি হয়, কর প্রশাসনের দক্ষতা ব্যাহত হয় এবং অনেক ক্ষেত্রে বিরোধ দেখা দেয়। এর পরও উপকরণ রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হন।

তিনি বলেন, একক ব্যক্তির ক্ষেত্রে ১০ শতাংশ মূসক হার এবং অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের জন্যে এক শতাংশ নির্ধারণ করলে বর্তমান জটিলতা ও বিভ্রান্তি দূর হবে, কর আহরণ সহজ এবং রাজস্ব আদায় বাড়বে।

প্রতিদিনের
বাংলাদেশ
বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়সীমা ৫ লাখ করার প্রস্তাব ব্যবসায়ীদের

প্রাক-বাজেট

প্রবা প্রতিবেদক

আগামী বাজেটে করমুক্ত আয়ের সীমা বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারণের প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। পাশাপাশি, ব্যবসায়ীদের ওপর করের চাপ কমাতে করপোরেট ট্যাক্স ও ভ্যাট ব্যবস্থায় সংস্কারের দাবি জানিয়েছে সংগঠনটি।

তবে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ব্যক্তিগত আয়করের হার আরও বাড়ানোর পক্ষে অবস্থান নিয়েছে। সংস্থার চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেছেন, উন্নত দেশের মতো ব্যক্তির করহার বাড়ানো হলে আয় বৈষম্য কমবে এবং সরকারের রাজস্ব আদায় বাড়বে।

গতকাল মঙ্গলবার আগারগাঁওয়ে এনবিআর ভবনে প্রাক-বাজেট আলোচনায় এসব কথা বলা হয়। আলোচনায় ডিসিসিআই ছাড়াও বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন, বাংলাদেশ ক্রপ প্রোটেকশন অ্যাসোসিয়েশন, বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসর'স অ্যাসোসিয়েশন (বাপা), শ্রিম্প হ্যাচারি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন, অ্যাগ্রিকালচার মেশিনারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ ও অ্যান্টি টোব্যাকো মিডিয়া এলায়েন্স (আত্মা) অংশ নেয়।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, 'করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করা উচিত। ব্যক্তির সর্বোচ্চ কর কমানো উচিত। কর জাল বাড়ানোর জন্য এনবিআরের পদক্ষেপ নিতে হবে।'

এ সময় বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমানো, ভ্যাটের একক হার করার প্রস্তাব দেন তিনি।

সংগঠনটির অন্যান্য প্রস্তাবের মধ্যে রয়েছে অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালু, ব্যবসায়ীদের ওপর থেকে রিটার্ন জমার প্রমাণপত্র (পিএসআর) সংগ্রহে বাধ্যবাধকতা প্রত্যাহার করা, ভ্যাট ব্যবস্থা ডিজিটাল করতে ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ তৈরি ও তা ব্যবসায়ীদের জন্য বাধ্যতামূলক করা ও একক মূসকহার বা ভ্যাট হার ১০ শতাংশ করা।'

তাসকীন আহমেদ বলেন, 'করপোরেট কর রিটার্ন প্রদানে স্বয়ংক্রিয় পদ্ধতি না থাকায় করপোরেট প্রতিষ্ঠানগুলো ম্যানুয়ালি রিটার্ন জমা দেয়। ম্যানুয়াল বা হাতে লেখা রিটার্ন সময়সাপেক্ষ, জটিল ও ত্রুটিপূর্ণ হয়। এসব উল্লেখ করে দ্রুত করপোরেট প্রতিষ্ঠানগুলোর জন্য অটোমেটেড করপোরেট কর রিটার্ন চালুর করা প্রয়োজন।'

প্রস্তাব শুনে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, 'ব্যক্তির কর বেশি হওয়া উচিত। কোম্পানির কম হওয়া উচিত। এবার ব্যক্তির কর ৩০ শতাংশ হবে। এটাকে আরও বাড়ানো উচিত। ভারতেও বেশি। উন্নত দেশে ৫০ থেকে ৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না। বাড়াতে হবে। নইলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান। আমাদেরও সেবা নিশ্চিত করতে হবে। তাহলে মানুষ হাতে কম টাকা রাখবে।'

তিনি বলেন, 'ব্যবসায়ীদের তীব্র প্রতিরোধে ভ্যাটের একক হার হয়নি। তারাই এখন ভুগছে। সবাই একমত হলে, হার কিছুটা কমিয়ে হলেও একক হারে যাওয়া উচিত। আপনাদের এফবিসিসিআইকে প্রস্তাব দিতে বলেন। দরকার হলে আমরা, ব্যবসায়ীদের জন্য সফটওয়্যারও করে দেব। যত ঝগড়া ভ্যাটের অনেক হারের কারণে।'

আত্মা'র পক্ষ থেকে আসন্ন ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে সিগারেটের নিম্ন এবং মধ্যম স্তরকে একত্রিত করে প্রতি ১০ শলাকার খুচরা মূল্য ৯০ টাকা নির্ধারণের প্রস্তাব করা হয়। এই প্রস্তাব বাস্তবায়ন করা হলে স্বল্প আয়ের ধূমপায়ী ধূমপান ছাড়তে বিশেষভাবে উৎসাহিত হবে। একই সঙ্গে তরুণ প্রজন্ম ধূমপান শুরু করতেও নিরুৎসাহিত হবে বলে সভায় জানানো হয়। এ ছাড়া প্রতি ১০ শলাকা উচ্চ স্তরের সিগারেটের খুচরা মূল্য ১৪০ টাকায় অপরিবর্তিত রাখা এবং প্রিমিয়াম স্তরের প্রতি ১০ শলাকা সিগারেটের খুচরা মূল্য ১৯০ টাকা নির্ধারণের প্রস্তাব করা হয়। এই তিনটি স্তরে সম্পূরক শুল্ক ৬৭ শতাংশ বহাল রাখার প্রস্তাব করা হয়।

প্রাক-বাজেট সভায় ফিল্টারবিহীন ২৫ শলাকা বিড়ির খুচরা মূল্য ২৫ টাকা এবং ফিল্টারযুক্ত ২০ শলাকা বিড়ির খুচরা মূল্য ২০ টাকা নির্ধারণ করে ৪৫ শতাংশ সম্পূরক শুল্ক আরোপের প্রস্তাব করা হয়। প্রতি ১০ গ্রাম জর্দার খুচরা মূল্য ৫৫ টাকা এবং ১০ গ্রাম গুলের খুচরা মূল্য ৩০ টাকা নির্ধারণ করে ৬০ শতাংশ সম্পূরক শুল্ক আরোপের প্রস্তাব করা হয়। এ ছাড়া সকল তামাকপণ্যের খুচরা মূল্যের ওপর ১৫ শতাংশ মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১ শতাংশ স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ বহাল রাখার প্রস্তাব করা হয়।

আসন্ন বাজেটে প্রস্তাবিত তামাক কর সংস্কার বাস্তবায়ন করা হলে ২০ হাজার কোটি টাকা অতিরিক্ত রাজস্ব আয় অর্জিত হবে। রাজস্ব আয়ের লক্ষ্য পূরণ এবং জনস্বাস্থ্য উন্নয়নে এটি গুরুত্বপূর্ণ অবদান রাখবে। একই সঙ্গে দীর্ঘমেয়াদে প্রায় ৯ লাখ তরুণসহ মোট ১৭ লাখের অধিক মানুষের অকাল মৃত্যু রোধ করা সম্ভব হবে।

এনবিআর চেয়ারম্যান জানান, সিগারেটের স্তর সংখ্যা চারটি থেকে কমিয়ে তিনটিতে নামিয়ে আনা এবং দাম বাড়ানোর বিষয় বিবেচনা করবে এনবিআর। পাশাপাশি প্রজ্ঞা ও আত্মা'র তামাক কর কাঠামো সংস্কারে অতিরিক্ত ২০ হাজার কোটি টাকার রাজস্ব আহরণ প্রস্তাবকে সাধুবাদ জানান তিনি।

এ ছাড়া বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন আলু কেনার ক্ষেত্রে ১ শতাংশ এআইটি হ্রাস করা, কোল্ড স্টোরেজের বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের ক্ষেত্রে ভ্যাট ও এআইটি প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ ক্রপ প্রোটেকশন অ্যাসোসিয়েশন কীটনাশক, ছত্রাকনাশক, আগাছানাশক, মশার কয়েল, অ্যারোসল, রিপিলেন্ট আমদানিতে করহার কমানোর প্রস্তাব দিয়েছে।

বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসর'স অ্যাসোসিয়েশন (বাপা) কৃষিজ পণ্য সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তনে অব্যাহতি, বিক্রয়ের ওপর ন্যূনতম আয়কর ০.৬০ বাতিল করা, মূসকের আদর্শ হার হ্রাস করার প্রস্তাব দিয়েছে।

প্রতি মুহূর্তের খবর
risingbd.com

বাজেটে ভ্যাট হার সিঙ্গেল ডিজিট করার প্রস্তাব ঢাকা চেম্বারের

জ্যেষ্ঠ প্রতিবেদক || রাইজিংবিডি.কম

প্রকাশিত: ১৯:৫৫, ১৮ মার্চ ২০২৫

২০২৫-২০২৬ অর্থবছরের বাজেটের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) নিকট ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-ডিসিসিআই বেশ কিছু প্রস্তাবনা দিয়েছে। একই সঙ্গে বিদ্যমান উচ্চ মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারনের আহ্বান জানায় ঢাকা চেম্বার।

মঙ্গলবার (১৮ মার্চ) জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ২০২৫-২৬ অর্থবছরের প্রাক-বাজেট আলোচনা অংশ নিয়ে ঢাকা চেম্বার ৪২টি প্রস্তাবনা দিয়েছে। প্রাক বাজেট আলোচনায় সভাপতিত্ব করেন জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) চেয়ারম্যান মো. আবদুর রহমান খান।

প্রস্তাবিত বাজেট আলোচনায় ডিসিসিআইয়ের সভাপতি তাসকীন আহমেদ ছাড়াও সংগঠনটির ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান উপস্থিত ছিলেন।

বাজেট প্রস্তাবনায় অংশ নিয়ে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাসকরণ, ব্যবসা-বান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির কর কাঠামোর সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করেন।

বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশে থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭.৫ শতাংশ এবং ৫ শতাংশ হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে। উপরন্তু উপকরণ কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এমন বাস্তবতায়, আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারনের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ হারে নির্ধারণ করার প্রস্তাব করছে ঢাকা চেম্বার। এর মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ আগামী অর্থবছর হতে সকল করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করায় এনবিআরকে অভিনন্দন জানান। দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি। এছাড়াও কর্পোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দেওয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার ওপর জোরারোপ করেন তাসকীন আহমেদ। বিদ্যমান ঊর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা হতে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারনের আহ্বান জানান।

তাছাড়া বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রীম কর ৫ শতাংশ হতে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রীম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, "বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ় প্রতিজ্ঞ। জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবেনা, তা মোটেও গ্রহণযোগ্য নয়।"

তিনি বলেন, "দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী। তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের সদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য।"

অর্থনীতি

করমুক্ত আয়সীমা ৫ লাখ করার দাবি ঢাকা চেম্বারের

আরটিভি নিউজ

মঙ্গলবার, ১৮ মার্চ ২০২৫ , ০৮:১৫ পিএম

বর্তমানে ব্যক্তি পর্যায়ে বার্ষিক করমুক্ত আয়সীমা সাড়ে ৩ লাখ টাকা, যা আরও বাড়ানোর প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। ২০২৫-২৬ অর্থবছরের জন্য সংস্থাটি আরও দেড় লাখ টাকা বাড়িয়ে পাঁচ লাখে উন্নীতর কথা বলেছে সিপিডি।

মঙ্গলবার (১৮ মার্চ) জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সভাপতির সভাপতিত্বে এনবিআর ভবনে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনায় এ প্রস্তাব তুলে ধরেন ডিসিসিআইয়ের প্রেসিডেন্ট তাসকীন আহমেদ। একই সঙ্গে সর্বোচ্চ করহার ২৫ শতাংশ রাখার প্রস্তাবনা দিয়েছেন তিনি।

তবে এ বিষয়ে দ্বিমত পোষণ করেছেন এনবিআর চেয়ারম্যান আব্দুর রহমান খান। তিনি বলেন, উন্নত দেশে ব্যক্তি শ্রেণির কর ৫০-৫৫ শতাংশ। এটাকে কমানো ঠিক হবে না, বাড়াতে হবে। না হলে বৈষম্য কমবে না। উন্নত দেশে ব্যক্তির কর বেশি হওয়ায় বৈষম্য কম। এটা ঠিক তারা বেশি কর দিয়ে বেশি সেবা পান।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বাজেট প্রস্তাবনায় বলেন, করমুক্ত আয় পাঁচ লাখ টাকার পরবর্তী স্লাব ৩ লাখ টাকা পর্যন্ত মোট আয়ের ৫ শতাংশ করহার করা দরকার। যেটা এখন এক লাখ টাকায় সীমাবদ্ধ করেছেন।

অনানুষ্ঠানিক খাত ব্যতীত একক মূসক হার এর প্রস্তাবনা রেখে বলেন, বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ, তবে বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭.৫ শতাংশ এবং ৫ শতাংশ করা হয়েছে। এভাবে বিভক্ত হার থাকার ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টি হয়, কর প্রশাসনের দক্ষতা ব্যাহত হয় এবং অনেক ক্ষেত্রে বিরোধ দেখা দেয়। এর পরও উপকরণ রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হন বলে মনে করেন তিনি।

তাসকীন আহমেদের দাবি, একক ব্যক্তির ক্ষেত্রে ১০ শতাংশ মূসক হার এবং অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের জন্যে এক শতাংশ নির্ধারণ করলে বর্তমান জটিলতা ও বিভ্রান্তি দূর হবে। এ হারে আসলে কর আহরণ সহজ এবং রাজস্ব আদায় বাড়বে বলে মনে করেন তিনি।

এর আগে, বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) ফাহমিদা খাতুন বলেন, জুলাই-ফেব্রুয়ারি সময়ে মূল্যস্ফীতি উর্ধ্বমুখী ছিল। খাদ্য বহির্ভূত মূল্যস্ফীতির তুলনায় খাদ্য মূল্যস্ফীতির হার বেশি। এ ছাড়া, শহরের চেয়ে গ্রামে খাদ্য মূল্যস্ফীতির হার অনেক বেশি। সাধারণ মানুষ সঞ্চয় ভেঙে খাচ্ছে।

এ পরিস্থিতিতে করমুক্ত আয়সীমা বাড়ানো যৌক্তিক বলে আমরা মনে করি। আগামী অর্থবছর এটি বাড়িয়ে ৪ লাখ টাকা নির্ধারণ করা উচিত।

বর্তমান ব্যক্তিশ্রেণির করদাতাদের আয়ের প্রথম সাড়ে তিন লাখ টাকার ওপর কর নেই। পরের প্রথম এক লাখ টাকার জন্য ৫ শতাংশ, পরবর্তী ৪ লাখ টাকার জন্য ১০ শতাংশ, পরবর্তী ৫ লাখ টাকার জন্য ১৫ শতাংশ, পরবর্তী ৫ লাখ টাকার জন্য ২০ শতাংশ এবং বাকি অর্থের ওপর ২৫ শতাংশ হারে কর বসে।

এ ছাড়া মহিলা করদাতা এবং ৬৫ বছরের বেশি বয়সীদের জন্য করমুক্ত আয়সীমা হলো চার লাখ টাকা। তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়সীমা হবে পৌনে পাঁচ লাখ টাকা। গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা পাঁচ লাখ টাকা। আর প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান বা পোষ্যর জন্য করমুক্ত আয়ের সীমা আরও ৫০ হাজার টাকা বেশি হবে।

এদিকে, ঢাকা উত্তর সিটি, ঢাকা দক্ষিণ সিটি এবং চট্টগ্রাম সিটির এলাকায় অবস্থিত করদাতার জন্য ন্যূনতম কর ৫ হাজার টাকা, অন্য সিটির করদাতার জন্য ৪ হাজার টাকা এবং সিটি করপোরেশন ব্যতীত অন্য এলাকার করদাতার জন্য ৩ হাজার টাকা দিতে হবে।

প্রকাশনার ৭৬ বছর

সংবাদ

বাংলাদেশের মুখপত্র

বুধবার, ১৯ মার্চ ২০২৫

করমুক্ত আয়ের সীমা ৫ লাখ করার প্রস্তাব ঢাকা চেম্বারের

সারাবাংলা
sarabangla.net

ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে রাখার প্রস্তাব ঢাকা চেম্বারের

সিনিয়র করেসপন্ডেন্ট

১৮ মার্চ ২০২৫ ১৬:০৪ | আপডেট: ১৮ মার্চ ২০২৫ ১৭:০৩

2 শেয়ার

রাজধানীর জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে '২৫-২৬ অর্থবছরের প্রাক বাজেট আলোচনা।

ঢাকা: ভ্যাট হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। মঙ্গলবার (১৮ মার্চ) রাজধানীর জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলন কক্ষে ২০২৫-২৬ অর্থবছরের প্রাক বাজেট আলোচনায় এ প্রস্তাব দেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ।

এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত ওই বৈঠকে ঢাকা চেম্বারের বিভিন্ন নেতা ও এনবিআরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রস্তাবনায় বলা হয়, বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭ দশমিক ৫ শতাংশ এবং ৫ শতাংশ হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে। কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এমন বাস্তবতায়, আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারনের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ হারে নির্ধারণ করার প্রস্তাব করে ঢাকা চেম্বার। এর ফলে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে।

ডিসিসিআই'র প্রস্তাবে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাসকরণ, ব্যবসা-বান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির কর কাঠামোর সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করা হয়।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ আগামী অর্থবছর হতে সকল করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন দেওয়ার কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করায় এনবিআরকে অভিনন্দন জানান।

তিনি বলেন, 'দেশে টিনধারীর সংখ্যা প্রায় এককোটি ১৩ লাখের বেশি হলেও ২০২৪ সালের ১ জুলাই হতে ৬ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত রিটার্ন দাখিল হয়েছে ৩৭ লাখের বেশি, যার মধ্যে অনলাইনে জমা পড়েছে মাত্র ১৩ লাখ ৩৫ হাজার ৮৯টি।

দেশে করদাতার হার বৃদ্ধি ও করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি। এছাড়াও করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দেওয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার উপর জোরারোপ করেন তাসকীন আহমেদ। বিদ্যমান উর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা তিন লাখ ৫০ হাজার টাকা হতে বাড়িয়ে পাঁচ লাখ টাকা নির্ধারনের দাবি জানায় ঢাকা চেম্বার। তাছাড়াও বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রীম কর ৫ শতাংশ হতে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রীম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

এনবিআর চেয়ারম্যান বলেন, 'বাণিজ্য সংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ় প্রতিজ্ঞ। জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবেনা, তা মোটেও গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, গত ১০বছরে টিনধারীর সংখ্যা ১ কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক।'

তিনি বলেন, 'দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের স্বদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য। ভ্যাট ব্যবস্থায় স্বচ্ছতা ও ব্যবসায়ীদের সহযোগিতার লক্ষ্যে প্রয়োজনে দেশীয় তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞদের মাধ্যমে এনবিআর একটি সফটওয়্যার তৈরি করে দিতে আগ্রহী এবং এ বিষয়ে তিনি ব্যবসায়ী মহলের সহযোগিতা কামনা করেন।'

তিনি আরও জানান, আগামী অর্থবছরে কর রেয়াত ব্যবস্থা আরো উদার করতে এনবিআর আগ্রহী।

সারাবাংলা/ইএইচটি/এমপি

শেয়ার বিজ
বুধবার, ১৯ মার্চ ২০২৫

ভ্যাট হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের প্রস্তাব ঢাকা চেম্বারের

নিজস্ব প্রতিবেদক

এ প্রস্তাবে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি

বর্তমানে স্ট্যান্ডার্ড মূসক (ভ্যাট) হার ১৫ শতাংশ থাকলেও বিভিন্ন খাতে তা কমিয়ে ১০ শতাংশ, ৭ দশমিক ৫ শতাংশ এবং ৫ শতাংশ হারে নির্ধারণের ফলে ব্যবসায়ীদের জন্য জটিলতা সৃষ্টির পাশাপাশি অনেক ক্ষেত্রে বিরোধ তৈরি হচ্ছে। উপকরণ কর রেয়াতের সুবিধা সবক্ষেত্রে নিশ্চিত না হওয়ায় অনেক ব্যবসায়ী বাড়তি করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এ অবস্থায় আগামী বাজেটে ভ্যাটের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণের পাশাপাশি অনানুষ্ঠানিক খাতের ব্যবসায়ীদের ভ্যাট ১ শতাংশ হারে নির্ধারণ করার প্রস্তাব করছে ঢাকা চেম্বার। এর মাধ্যমে সামগ্রিক কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসার পাশাপাশি ব্যবসার পরিচালন ব্যয় হ্রাস পাবে এবং উৎপাদন খাতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।

এনবিআরের সম্মেলন কেন্দ্রে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনা অনুষ্ঠানে ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য ঢাকা চেম্বারের ৪২টি প্রস্তাব জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবদুর রহমান খানের কাছে পেশ করেন ডিসিসিআই'র সভাপতি তাসকীন আহমেদ।

ডিসিসিআই'র প্রস্তাবসমূহে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ, করহার হ্রাসকরণ, ব্যবসা-বান্ধব করনীতি ও অটোমেশন ব্যবস্থা চালু, মূসক ব্যবস্থার সংস্কার, স্থানীয় শিল্প ও উৎপাদন খাতের সুরক্ষা, আমদানি শুল্ক ও ট্যারিফ ব্যবস্থা সহজীকরণ এবং ব্যক্তি শ্রেণির করকাঠামোর সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করা হয়।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ আগামী অর্থবছর থেকে সব করদাতাকে অনলাইনে আয়কর রিটার্ন প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করায় এনবিআরকে অভিনন্দন জানান।

তিনি বলেন, এনবিআরের তথ্য অনুযায়ী, দেশে টিনধারীর সংখ্যা প্রায় ১ কোটি ১৩ লাখের বেশি হলেও, ২০২৪ সালের ১ জুলাই থেকে ৬ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত রিটার্ন দাখিল হয়েছে ৩৭ লাখের বেশি, যার মধ্যে অনলাইনে জমা পড়েছে মাত্র ১৩ লাখ ৩৫ হাজার ৮৯টি। দেশে করদাতার হার বৃদ্ধি এবং করজাল সম্প্রসারণের লক্ষ্যে এনবিআরকে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন ঢাকা চেম্বার সভাপতি। এছাড়া করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজে অনলাইনে কর রিটার্ন জমা দেয়ার সুযোগ প্রদানের লক্ষ্যে অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি চালু করার ওপর জোরারোপ করেন তাসকীন আহমেদ। বিদ্যমান ঊর্ধ্বগতির মূল্যস্ফীতির পরিস্থিতি বিবেচনায় তিনি ব্যক্তি শ্রেণির করমুক্ত আয়ের সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫ লাখ টাকা নির্ধারণের আহ্বান জানান। তাছাড়া বাণিজ্যিক আমদানিকারকদের ক্ষেত্রে পণ্য আমদানি পর্যায়ে অগ্রিম কর ৫ শতাংশ থেকে ধাপে ধাপে হ্রাস এবং আমদানি পর্যায়ে উৎপাদনকারীদের জন্য বিদ্যমান অগ্রিম কর পর্যায়ক্রমে বিলুপ্তির প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

অনুষ্ঠানে ঢাকা চেম্বার সভাপতি আরও বলেন, কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত ট্যারিফ ভ্যালু ও বাজার মূল্যের মধ্যে পার্থক্য থাকায় ব্যবসায়ীদের প্রকৃত মূল্যের চেয়ে বেশি শুল্ক পরিশোধ করতে হচ্ছে, যা ব্যবসায়িক ব্যয় বৃদ্ধির পাশাপাশি আমদানি প্রক্রিয়াকে জটিল ও ব্যয়বহুল করে তুলছে, এমতাবস্থায় তিনি ট্যারিফ ভ্যালুর পরিবর্তে নির্দিষ্ট হারে শুল্ক আরোপের প্রস্তাব করেন।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান আবদুর রহমান খান বলেন, বাণিজ্যসংশ্লিষ্ট রাজস্ব নীতিমালার ক্রমান্বয়ে সংস্কারের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে এনবিআর দৃঢ়প্রতিজ্ঞ। জাতীয় রাজস্ব বোর্ড করজাল সম্প্রসারণে বদ্ধপরিকর, কারণ সমাজে কেউ কর দেবে কেউ দেবে না, তা মোটেও গ্রহণযোগ্য নয়। গত ১০ বছরে টিনধারীর সংখ্যা ১ কোটি ছাড়ালেও কর প্রদানকারীর সংখ্যা কাঙ্ক্ষিত মাত্রায় বাড়েনি, যা বেশ হতাশাব্যঞ্জক।

তিনি আরও বলেন, আয়করের মতো করপোরেট ট্যাক্স প্রদানের প্রক্রিয়া পুরোপুরি অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ব্যক্তি উদ্যোগের বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর দীর্ঘমেয়াদি কার্যক্রম পরিচালনার মাধ্যমে করপোরেট প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে করপোরেট করের হার কমানো প্রয়োজন বলে এনবিআর চেয়ারম্যান মতপ্রকাশ করেন। দেশের ব্যবসায়ী সমাজ একমত পোষণ করলে, ভ্যাটের বিভিন্ন স্তর বহাল না রেখে, সরকার ভ্যাট হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসতে আগ্রহী, তবে এক্ষেত্রে ব্যবসায়ীদের স্বদিচ্ছা ও স্বচ্ছতা একান্ত অপরিহার্য। ভ্যাট ব্যবস্থায় স্বচ্ছতা ও ব্যবসায়ীদের সহযোগিতার লক্ষ্যে প্রয়োজনে দেশীয় তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞদের মাধ্যমে এনবিআর একটি সফটওয়্যার তৈরি করে দিতে আগ্রহী এবং এ বিষয়ে তিনি ব্যবসায়ী মহলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান, আগামী অর্থবছরে কর রেয়াত ব্যবস্থা আরও উদার করতে এনবিআর আগ্রহী।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী, সহসভাপতি সালিম সোলায়মানসহ জাতীয় রাজস্ব বোর্ডের ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।